,

# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Falgun 29, 1430 Bangla, March 13, 2024, Wednesday, No. 73, 54th year

# H I G H L I G H T S

AL GS Obaidul Quader comments, BNP has stood against the religious values and sentiments of the people by announcing the continuation of the program in the month of Ramadan. (R. Today : 16)

Foreign Minister D. Hasan Mahmud says, 177 people including members of BGP, who entered BD again in the internal conflict of Myanmar, will be sent back after discussion as before. (R. Today : 16)

BNP leader RK Rizvi says, government has also reduced dignity of lawyers of the highest courts of the country-Adds, AL committed terrible violence and vote rigging to win in SC Bar election. (Jago FM: 22)

US State Department spokesman Matthew Miller says, "We value our relationship with both BD and India. We will continue to work with governments of both countries to pursue our shared interests, including ensuring a free, open, secure and prosperous Indo-Pacific region." (VOA: 10)

SC Bar election is repeatedly questioned. For the last two years, there were fights centering election. This time, a case has been filled and six people including a secretary general candidate have been arrested. (DW: 13)

At the beginning of Ramadan in BD, prices of daily products increase. Compared to last Ramadan, prices of 8 daily essential products such as onions, chickpeas, sugar, pulses, dates, beef, garlic and potatoes have increased by 4 to 150 percent. (R. Tehran: 12)

BB has identified 38 banks as weak, including six state-owned banks. Among them position of 12 banks is extremely fragile, 9 of which have already gone into red zone and 29 banks are in yellow zone. (R. Today: 15)

Allegation of sexual harassment against university teachers is increasing in the country. This year there were student protests in three universities against teachers for allegation of sexual harassment. (VOA: 8)

Somali Pirates have taken control of a Bangladeshi cargo ship and took hostage 23 sailors on board in the Indian Ocean on Tuesday. (R. Today: 15)

Atleast 8 students were injured in the clash between two groups of BCL over encroachment of student hall at BAU. (R. Today: 15)

RU Associate Professor of Islamic Studies Dept. Hafizur Rahman has been exempted from academic activities for five years for harassing female students who wear hijab and sending offensive messages. (R. Today: 15)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর,**
**বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ২৮, বাংলা ১৪৩০, মার্চ ১২, ২০২৪, মঙ্গলবার, নং- ৭২, ৫৪তম বছর**

# শিরোনাম

রমজান মাসে কর্মসূচি চলমান রাখার ঘোষণার মধ্য দিয়ে বিএনপির জনগণের ধর্মীয় মূল্যবোধ ও অনুভূতির বিপক্ষে দাঁড়িয়েছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। (রে. টুডে : ১৬)

মিয়ানমারের অভ্যন্তরীণ সংঘাতে আবারো বাংলাদেশে ঢুকে পড়া দেশটির বর্ডার গার্ড পুলিশ বিজিপি-সহ ১৭৭ সদস্যকে আগের মত আলোচনা করে ফেরত পাঠানো হবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। (রে. টুডে : ১৬)

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন দেশের সর্বোচ্চ বিচারাঙ্গনের আইনজীবীদের মর্যাদাও ধুলায় মিশিয়ে দিয়েছে সরকার। বলেন সুপ্রিম কোর্ট বার নির্বাচনে নিজেদের প্রার্থীদের জেতাতে ভয়াবহ তাণ্ডব ও ভোট জালিয়াতি করেছে আওয়ামী লীগ। (জাগো এফএম : ২২)

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতরের মুখপাত্র ম্যাথিউ মিলার বলেছেন, "আমরা বাংলাদেশ ও ভারত উভয়ের সঙ্গেই আমাদের সম্পর্ককে মূল্য দিই। একটি মুক্ত, উন্মুক্ত, নিরাপদ ও সমৃদ্ধ ইন্দো-প্যাসিফিক অঞ্চল নিশ্চিত করাসহ আমাদের অভিন্ন স্বার্থ অনুসরণ করতে উভয় দেশের সরকারের সঙ্গে কাজ চালিয়ে যাব আমরা।" (ভোয়া :১০)

সুপ্রিম কোর্ট বারের নির্বাচন বারবার প্রশ্নবিদ্ধ হচ্ছে। এবারও নির্বাচন ঘিরে মারামারি হয়েছে। আগের বছরও নির্বাচন ঘিরে মারামারির ঘটনা ঘটেছে। এবার মামলা হয়েছে, গ্রেফতার হয়েছেন একজন সম্পাদক প্রার্থীসহ ছয়জন। (ডয়চে ভেলে : ১৩)

বাংলাদেশে রমজানের শুরুতেই নিত্যপণ্যের দাম বাড়ায় নাকাল ভোক্তারা। গত রমজানের তুলনায় এ বছর রমজানে নিত্য প্রয়োজনীয় ৮টি পণ্য যেমন- পেঁয়াজ, ছোলা, চিনি, ডাল, খেজুর, গরুর মাংস, রসুন এবং আলুর দাম ৪ থেকে ১৫০ শতাংশ পর্যন্ত বেড়েছে। (রে. তেহরান : ১২)

ছয় রাষ্ট্রায়ত্ত ব্যাংকসহ মোট ৩৮টি ব্যাংককে দুর্বল হিসেবে চিহ্নিত করেছে বাংলাদেশ ব্যাংক। যেখানে ১২টি ব্যাংকের অবস্থান অত্যন্ত নাজুক, যার ৯টি এরই মধ্যে রেড জোনে চলে গেছে। ইয়েলো জোনে রয়েছে ২৯টি ব্যাংক। (রে. টুডে : ১৫)

দেশে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ বাড়ছে। এ বছর শিক্ষকদের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগে তিনটি বিশ্ববিদ্যালয়ে ছাত্র বিক্ষোভ হয়েছে। (ভোয়া : ৮)

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. হাফিজুর রহমানকে আগামী পাঁচ বছরের জন্য একাডেমিক কার্যক্রম থেকে অব্যাহতি দেয়া হয়েছে। হিজাব নেকাব পরায় ছাত্রীদের কটাক্ষ ও হেনস্থা করা এবং মেসেঞ্জারে আপত্তিকর মেসেজ পাঠানোর অপরাধে তার বিরুদ্ধে এই ব্যবস্থা নেয়া হয়েছে। (রে. টুডে : ১৫)

ভারত মহাসাগরে বাংলাদেশের একটি পণ্যবাহী জাহাজে হামলা চালিয়েছে সোমালিয়ার জলদস্যুরা। মঙ্গলবার (১২ মার্চ) পরিচালিত এই হামলায় জলদস্যুরা জাহাজটির নিয়ন্ত্রণ নিয়ে নিয়েছে এবং জাহাজে থাকা ২৩ জন নাবিককে জিম্মি করেছে। (রে. টুডে : ১৫)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হলের সীমানা দখলকে কেন্দ্র করে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনায় আটজন আহত হয়েছে। মঙ্গলবার বিকাল সাড়ে তিনটা থেকে সন্ধ্যা পর্যন্ত দফায় দফায় এই সংঘর্ষ চলে। (রে. টুডে : ১৫)

# বিবিসি

## প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় বন্ধ রাখতে হাইকোর্টের স্থগিত করে দিয়েছেন সুপ্রিম কোর্ট

রমজান মাসে বাংলাদেশের প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় বন্ধ রাখতে হাইকোর্ট যে আদেশ দিয়েছিলেন তা স্থগিত করে দিয়েছেন সুপ্রিম কোর্ট। শুনানি শেষে মঙ্গলবার দুপুরে প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন পূর্ণাঙ্গ বেঞ্চের আপিল বিভাগ এই আদেশ দেন। এর ফলে রমজান মাসের শিক্ষা কার্যক্রম চালু রাখতে আর কোনো বাধা নেই বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল শেখ সাইফুজ্জামান। আদেশ অনুযায়ী, বুধবার থেকেই সারা দেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের সকল বিদ্যালয় খোলা রাখতে হবে বলেও জানিয়েছেন তিনি। এর আগে, গত রোববার হাইকোর্টের একটি বেঞ্চ রুল দিয়ে রমজানের প্রথম ১০ দিন সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং সরকারি-বেসরকারি নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণি কার্যক্রম ১৫ দিন খোলা রাখার সিদ্ধান্ত দুই মাসের জন্য স্থগিত করেছিল। সেই আদেশ স্থগিত চেয়ে আপিল বিভাগে আবেদন করে রাষ্ট্রপক্ষ। সোমবার চেম্বার আদালতের বিচারপতি আবেদনটি আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে পাঠিয়ে দেন। মঙ্গলবার সকালে আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানি শেষে স্কুল খোলা রাখার সিদ্ধান্ত এলো। তবে হাইকোর্টের আদেশের পর আপিল করা হলেও সেখানে কী সিদ্ধান্ত আসবে সেটা পরিষ্কার না হওয়ায় স্কুল খোলা রাখা-না রাখার বিষয়ে দ্বিধায় পড়ে যায় অনেক কর্তৃপক্ষ। এমন পরিস্থিতিতে বেশকিছু বিদ্যালয় মঙ্গলবার ছুটিও ঘোষণা করে।

মঙ্গলবার রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন। অন্যদিকে, রিট আবেদনকারী পক্ষে শুনানি করেন আইনজীবী একেএম ফয়েজ। শুনানির শুরুতে রমজানে শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখার পক্ষে যুক্তি দেখাতে গিয়ে বিশ্বের বিভিন্ন মুসলিম দেশের উদাহরণ তুলে ধরেন অ্যাটর্নি জেনারেল। তিনি বলেন, রমজানের মধ্যে সৌদি আরবে ২৮শে মার্চের আগ পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে। একইভাবে ইরান, তুরস্ক, মিশর, মালয়েশিয়া, পাকিস্তানসহ আরও কয়েকটি রাষ্ট্রেরও উদাহরণ টানেন অ্যাটর্নি জেনারেল। এ বিষয়ে বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত খবরের কপি আদালতে উপস্থাপন করা হয়েছে বলে সাংবাদিকদের জানিয়েছেন তিনি। অ্যাটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন গণমাধ্যমকে বলেন, "মুসলিম প্রধান কোনো দেশেই, কোথাও রমজানে স্কুল বন্ধ থাকে না। কোথাও দশ দিন ছুটি নাই। কাজেই এটি কোনোভাবেই আমাদের সংবিধানের সাথে সাংঘর্ষিক নয়।" তিনি আরও বলেন, "সবদিক বিবেচনা করে সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছে। আইনের পরিভাষায় একে বলা হয় পলিসি ডিসিশন।" আর পলিসি ডিসিশনের ব্যাপারে কোনোভাবেই আদালতে চ্যালেঞ্জ করা যায় না। আমরা এটিই বলেছি।

তার এই যুক্তির বিরুদ্ধে রিট আবেদনকারীর আইনজীবী সন্তোষজনক কোনো উত্তর দিতে না পারায় আপিল বিভাগ হাইকোর্টের স্থগিত আদেশ খারিজ করে দিয়েছেন বলে জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল। এদিকে, রিট আবেদনকারীর আইনজীবী একেএম ফয়েজ শুনানি শেষে সাংবাদিকদের বলেন, "আমরা বলেছিলাম যে, আমাদের দেশের প্রেক্ষিত ভিন্ন। আমাদের দেশে শিশুদের সঙ্গে অভিভাবকদেরও ভোগান্তি হয়।" মি. ফয়েজ সাংবাদিকদের বলেন, "কিন্তু পলিসিগত বিষয় হওয়ায় হাইকোর্টের আদেশ স্থগিত করেছেন আপিল বিভাগ। কাজেই স্কুল খোলা থাকবে।"

(বিবিসি ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ নারগীস)

## গ্রাহকরা কীভাবে বুঝবেন কোন ব্যাংকের আর্থিক অবস্থা কেমন?

বাংলাদেশের ব্যাংকিং খাত নিয়ে দীর্ঘদিন ধরেই চলছে বিস্তর আলোচনা-সমালোচনা। সেই চর্চায় নতুন রসদ জুগিয়েছে 'নয়টি ব্যাংক রেড জোনে অবস্থান করছে', এই মর্মে কেন্দ্রীয় ব্যাংকের একটি গবেষণা প্রতিবেদন। আদতে কোন ব্যাংকের কী হাল তা বোঝার মাপকাঠি কী? ব্যাংক বাছাইয়ের জন্য কোন বিষয়গুলো বিবেচনা করতে পারেন একজন গ্রাহক? সোমবার বাংলাদেশ ব্যাংকের একটি প্রতিবেদনের কথা উল্লেখ করে স্থানীয় কয়েকটি গণমাধ্যমে সংবাদ প্রকাশ করা হয় যে, বাংলাদেশে চারটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকসহ মোট নয়টি ব্যাংক 'রেড জোনে' আছে।

'ব্যাংকস হেলথ ইনডেক্স (বিএইচআই) অ্যান্ড হিট ম্যাপ' শীর্ষক ওই প্রতিবেদন অনুযায়ী, 'ইয়েলো জোনে' আছে ২৯টি ব্যাংক এবং 'গ্রিন জোনে' আছে ১৬টি ব্যাংক। প্রতিবেদন থেকে ধারণা পাওয়া যায়, রেড জোনে থাকা ব্যাংকগুলোর অর্থনৈতিক অবস্থা নাজুক। যদিও মঙ্গলবার দুপুরে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে সংবাদ সম্মেলনে দাবি করা হয়, রিস্ক ম্যানেজমেন্ট টুল (ঝুঁকি ব্যবস্থাপনা) হিসেবে এ ধরনের গবেষণা নিয়মিতই করা হয়। এই গবেষণাকে ব্যাংকের হেলথ ইন্ডিকেটর (উৎকর্ষের সূচক) বলা যায় না বলে মন্তব্য করেন বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র মেজবাউল হক। তিনি বলেন, "ব্যাংক ভালো আছে কি নেই তা জানা যায় ব্যালেন্স শিট এবং ইনকাম স্টেটমেন্ট থেকে। সেগুলোই সত্যিকারের আর্থিক প্রতিবেদন।" তবে, অর্থনীতিবিদরা আরও কয়েকটি বিষয়কেও মানদণ্ড হিসেবে দেখার কথা বলছেন।

কোনো কারণে ব্যাংকে নগদ টাকার সরবরাহের তুলনায় চাহিদা বেড়ে গেলে তাকে বলে তারল্য সংকট। তারল্য সংকট ব্যাংক খাতের স্বাস্থ্য সম্পর্কে ধারণা দেয় বলে জানান সেন্টার ফর পলিসি ডায়ালগের নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন। তিনি বলেন, "এটা সামগ্রিক অর্থনীতিরই বিপর্যয়ের কারণ হয়ে দাঁড়াতে পারে।" পলিসি রিসার্চ ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক আহসান এইচ মনসুর বিবিসি বাংলাকে বলেন, দেখতে হবে কোনো ব্যাংক বারবার কেন্দ্রীয় বা অন্য কোনো ব্যাংকের দ্বারস্থ হচ্ছে কি না। "যদি বারেবারে কেন্দ্রীয় ব্যাংকে যায়, তার মানে তাদের হাতে কিন্তু টাকা নেই",

যোগ করেন এই অর্থনীতিবিদ। কোনো ব্যাংকে তারল্য সংকট দেখা দিলে তারা তখন নির্দিষ্ট সুদের বিনিময়ে অন্য ব্যাংক থেকে টাকা ধার করতে শুরু করে। এই সুদের হারকে বলে কলমানি রেট। বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর সালেহ উদ্দিন আহমেদের মন্তব্য, "লিকুইডিটি না থাকলে আগ্রাসী হয়ে ডিপোজিট বাড়ানোর চেষ্টা করে অনেক ব্যাংক।"

মূলধন কাঠামো ও প্রতিষ্ঠানের সম্পদের বিপরীতে মূলধনের অনুপাত সক্ষমতা বেশি হওয়া জরুরি বলে মনে করেন কেন্দ্রীয় ব্যাংকের সাবেক গভর্নর সালেহউদ্দিন আহমেদ। কোনো ব্যাংক কতটা লাভজনক অবস্থায় আছে তা থেকেও ওই ব্যাংকের আর্থিক সক্ষমতা সম্পর্কে ধারণা পাওয়া যায়। আহসান এইচ মনসুর বলেন, "ব্যাংকের প্রফিটেবলিটি কেমন, রিটার্ন কেমন, প্রফিট কী হচ্ছে এসব জানা জরুরি। তাহলে অর্থ জমা রাখা বা ব্যাংকিং সংক্রান্ত অন্যান্য সিদ্ধান্ত নেয়া সহজ হয়।" সঞ্চয়ের পরিমাণের দিকেও দৃষ্টি দেওয়া উচিত বলে মন্তব্য তার। "ডিপোজিট গ্রোথ থেকে বোঝা যায়, ব্যাংক কেমন করছে", বলছিলেন মি মনসুর।

ব্যাংক পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা ও সুশাসন নিশ্চিত হচ্ছে কি না, সংশ্লিষ্ট অন্যদের পাশাপাশি গ্রাহককেও সে ব্যাপারে ধারণা রাখার পরামর্শ দিচ্ছেন অর্থনীতিবিদরা। মি. মনসুর বলেন, কোনো ব্যাংকের স্ক্যাম (কেলেঙ্কারি) যদি গণমাধ্যমে আসে, তার মানে তাদের গভর্ন্যান্স (সুশাসন) নেই। বাংলাদেশে ব্যাংক খাতের অসঙ্গতি প্রায়ই স্থানীয় গণমাধ্যমগুলোতে উঠে আসে। ছোট-বড় আর্থিক কেলেঙ্কারির খবরও দেখা যায়। বিশ্লেষকদের মতে, এগুলোর ভিত্তিতে কোন ব্যাংক কেমন, সে ধারণা পাওয়া যায়। সালেহ উদ্দিন আহমেদ বলেন, "পরিচালনা পর্ষদে কারা আছেন, ঋণ অনুমোদন দেওয়ার ক্ষেত্রে স্বচ্ছতা থাকছে কিনা, এগুলোও মাপকাঠি হিসেবে বিবেচিত হওয়া উচিত।" যে ব্যাংকগুলোর অবস্থা বেশি খারাপ সেগুলোকে একীভূত না করে বরং অবসায়ন (লিকুইডেশন) করা ভালো বলে মনে করেন তিনি।

কেন্দ্রীয় ব্যাংকের ফাইন্যান্সিয়াল স্টেবিলিটি (আর্থিক স্থিতিশীলতা) বিভাগের যে পর্যালোচনা গণমাধ্যমে উদ্ধৃত করা হয়েছে তাতে জানা যাচ্ছে, ২০২০ সালের ডিসেম্বর থেকে ২০২৩ সালের জুন পর্যন্ত ৩৮টি ব্যাংকের অবস্থার অবনতি হয়েছে এবং ১৬টি ব্যাংকের অবস্থার উন্নতি হয়েছে। এই ব্যাংকগুলোকে রেড, ইয়েলো ও গ্রিন তিনটি স্তরে বিন্যস্ত করা হয়েছে। রেড জোনে থাকা রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলো হলো জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক, রূপালী ব্যাংক ও বেসিক ব্যাংক। এই জোনের বাকি পাঁচটি ব্যাংক হলো বাংলাদেশ কমার্স ব্যাংক, পদ্মা ব্যাংক, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, ন্যাশনাল ব্যাংক ও এবি ব্যাংক। ইয়েলো জোনে রাষ্ট্রায়ত্ত ব্যাংক আছে দুটি। একটি সোনালী ব্যাংক এবং অপরটি বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক। এছাড়া ১৭টি বেসরকারি ব্যাংক আছে এই তালিকায়।

সেগুলো হলো- আইএফআইসি, মেঘনা, ওয়ান, ইউনাইটেড কমার্শিয়াল, এনআরবি, এনআরবি কমার্শিয়াল, মার্কেন্টাইল, মিউচুয়াল ট্রাস্ট, ডাচ-বাংলা, প্রিমিয়ার, ব্র্যাক, সাউথইস্ট, সিটি, ট্রাস্ট, এসবিএসি, মধুমতি, ঢাকা, উত্তরা ও পূবালী ব্যাংক। শরিয়াহভিত্তিক ব্যাংকগুলো হলো- ফার্স্ট সিকিউরিটি ইসলামী, ইসলামী ব্যাংক, সোশ্যাল ইসলামী, আল আরাফাহ, স্ট্যান্ডার্ড, ইউনিয়ন, এক্সিম ও গ্লোবাল ইসলামী। গ্রিন জোনে থাকা ১৬টি ব্যাংক হলো- প্রাইম, ইস্টার্ন, হাবিব, এনসিসি, মিডল্যান্ড, ব্যাংক আলফালাহ, ব্যাংক এশিয়া, সীমান্ত, যমুনা, শাহজালাল ইসলামী, উরি, এইচএসবিসি, কমার্শিয়াল ব্যাংক অব সিলন, সিটি, স্ট্যান্ডার্ড চার্টার্ড ও স্টেট ব্যাংক অব ইন্ডিয়া। উপাত্তগত পার্থক্য থাকায় বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং আইসিবি ইসলামিক ব্যাংককে এই বিশ্লেষণের বাইরে রাখা হয়েছে। বেঙ্গল কমার্শিয়াল, সিটিজেন, কমিউনিটি ও প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যাপারে যথেষ্ট তথ্য উপাত্ত না পাওয়ায় সেগুলোকেও তালিকার বাইরে রাখতে হয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ নারগীস)

## ভয়েস অফ আমেরিকা

### মানবাধিকার ও আইনের শাসন বজায় রাখতে বাংলাদেশ প্রতিশ্রুতিবদ্ধ : স্পিকার শিরীন শারমিন

বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, "মানবাধিকার ও আইনের শাসন বজায় রাখতে বাংলাদেশ প্রতিশ্রুতিবদ্ধ।" তিনি আরও বলেন, "বাংলাদেশ সকলের জন্য অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ন্যায়বিচার নিশ্চিত করতে কাজ করে চলেছে।" সোমবার (১১ মার্চ) স্থানীয় সময় অপরাহ্নে যুক্তরাজ্যের হাউজ অফ কমন্সের স্পিকার লিন্ডসে হয়লের সঙ্গে কমনওয়েলথভুক্ত দেশগুলোর স্পিকারদের অনুষ্ঠিত বৈঠকে তিনি এসব কথা বলেন। শিরীন শারমিন চৌধুরী বলেন, "আসুন আমরা জাতি, ঐক্য ও বৈচিত্র্যের একটি পরিবার কমনওয়েলথের জন্য একটি টেকসই, ন্যায়সঙ্গত ও স্থিতিস্থাপক ভবিষ্যত গড়তে হাত মেলাই।" তিনি আরও বলেন, বাংলাদেশ কমনওয়েলথভুক্ত দেশসহ সারা বিশ্বে সকল প্রকার বৈষম্য এবং নিপীড়নের অবসান ঘটাতে একসঙ্গে কাজ করতে দৃঢ় সংকল্পবদ্ধ। এর আগে শিরীন শারমিন চৌধুরী যুক্তরাজ্যের লন্ডনস্থ হাউজ অফ কমন্সের পোর্টকুলিস হাউজে কমনওয়েলথের ৭৫তম বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত 'কমনওয়েলথ ৭৫ এর ফ্লাগ রেইজিং সেরিমনি'তে অংশগ্রহণ করেন এবং মায়া অ্যাঞ্জেলৌয়ের 'দ্য রক ক্রাইস আউট টু আস টুডে' কবিতাটি আবৃত্তি করেন। এ ছাড়া তিনি লন্ডনের ওয়েস্টমিনিস্টার অ্যাবেতে কমনওয়েলথ ডে সার্ভিস উপলক্ষে রাজপরিবার ও অতিথিবৃন্দের উপস্থিতিতে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে কমনওয়েলথভুক্ত দেশগুলো থেকে আগত প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।
(ভোয়া ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ এলিনা)

## আপিল বিভাগে হাইকোর্টের আদেশ স্থগিত, বাংলাদেশে রোজায় খোলা থাকবে স্কুল

রমজান মাসে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান খোলা রাখার সিদ্ধান্ত স্থগিত করে বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের দেওয়া আদেশ স্থগিত করেছেন আপিল বিভাগ। মঙ্গলবার (১২ মার্চ) প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন আপিল বিভাগের পাঁচ বিচারপতির বেঞ্চ এ আদেশ দেন। এ আদেশের ফলে রমজানে প্রাথমিক ও মাধ্যমিক স্কুল খোলা রাখতে বাধা নেই বলে জানিয়েছেন আইনজীবীরা। আদালতে রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন। রিটের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী এ কে এম ফয়েজ। পরে অ্যাটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন সাংবাদিকদের জানান, হাইকোর্টের আদেশ স্থগিত করেছেন আপিল বিভাগ। ফলে রমজানে প্রাথমিক ও মাধ্যমিক স্কুল খোলা থাকবে। এর আগে রবিবার (১০ মার্চ) এক রিটের প্রাথমিক শুনানি নিয়ে হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চ রুল দিয়ে রমজানের প্রথম ১০ দিন সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং সরকারি-বেসরকারি নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণি কার্যক্রম ১৫ দিন চালু রাখার সিদ্ধান্ত দুই মাসের জন্য স্থগিত করেন। পরে রাষ্ট্রপক্ষ হাইকোর্টের আদেশ স্থগিত চেয়ে আপিল বিভাগে আবেদন করে। সোমবার চেম্বার আদালতে সেটি শুনানির জন্য ওঠে। চেম্বার আদালত রাষ্ট্রপক্ষের আবেদনটি আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানির জন্য পাঠান। সে অনুসারে মঙ্গলবার আবেদনের ওপর শুনানি হয়। উল্লেখ্য, ৮ ফেব্রুয়ারি এক প্রজ্ঞাপনে রমজানের সময় ১৫ দিন সরকারি-বেসরকারি নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণি কার্যক্রম চালু রাখার কথা বলা হয়। অন্যদিকে, রমজানের প্রথম ১০ দিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম চালু রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে। (ভোয়া ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ এলিনা)

## মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশের আরও ১৫০ জন বাংলাদেশে আশ্রয় নিয়েছে

মিয়ানমারের রাখাইন রাজ্যে সংঘাতের জেরে প্রাণ বাঁচাতে দেশটির বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) আরও ১৫০ জন সদস্য সোমবার (১১ মার্চ) বাংলাদেশে আশ্রয় নিয়েছে। সোমবার বিকেলে ৪৫ নম্বর পিলারের জামছড়ি গ্রামে পালিয়ে আসেন তারা। নাইক্ষ্যংছড়ি সদরের একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তাদের রাখা হয়। বিষয়টি নিশ্চিত করেন বান্দরবানের জেলা প্রশাসক (ডিসি) মুজাহিদ উদ্দিন। এর আগে সোমবার সকালে ৪৬ নম্বর পিলার দিয়ে পালিয়ে আসে ২৯ জন বিজিপি সদস্য। সব মিলে বাংলাদেশে আশ্রয় নেওয়া বিজিপির সদস্য সংখ্যা এখন দাঁড়িয়েছে ১৭৯ জন। ডিসি মুজাহিদ উদ্দিন জানান, সকালে আশ্রিত ২৯ জন বিজিপি সদস্যকে প্রাথমিক বিদ্যালয়ে রাখা হয়েছে। পরে আসা বাকি ১৫০ জনকেও একই স্থানে রাখা হয়েছে। তিনি আরও জানান, বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) নাইক্ষ্যংছড়ি ব্যাটালিয়নের (১১ বিজিবি) অধীনস্থ জামছড়ি বিওপির দায়িত্বপূর্ণ সীমান্ত এলাকা দিয়ে মিয়ানমার সীমান্তরক্ষী পুলিশের অংথাপায়া ক্যাম্প থেকে ২৯ জন বিজিপি সদস্য বাংলাদেশে আশ্রয় নেন। অস্ত্র জমা নিয়ে বিজিবি তাদের হেফাজতে রেখেছে। বিজিবি সদর দপ্তরের জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম সাংবাদিকদের বিষয়টি নিশ্চিত করে বলেন, প্রথমে ২৯ জন ও পরে ১৫০ জন বিজিপি সদস্য প্রবেশ করে বাংলাদেশে। বিজিবি তাদের হেফাজতে নিয়েছে। উল্লেখ্য, এ বছরের ফেব্রুয়ারি মাসের প্রথমার্ধে বিজিপি, সেনাসদস্য ও ইমিগ্রেশন কর্মকর্তাসহ মিয়ানমারের নিরাপত্তা বাহিনীর ৩৩০ সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছিল। ১৫ ফেব্রুয়ারি (বৃহস্পতিবার) কড়া নিরাপত্তার মধ্য দিয়ে তাদের মিয়ানমারের ফেরত পাঠায় বাংলাদেশ। ফেরত পাঠানো ৩৩০ জনের মধ্যে ছিল ৩০২ জন বিজিপি সদস্য, ৪ জন বিজিপি পরিবারের সদস্য, ২ জন সেনাসদস্য, ১৮ জন ইমিগ্রেশন সদস্য এবং ৪ জন বেসামরিক নাগরিক।

এ বছরের ২ ফেব্রুয়ারি রাত থেকে মিয়ানমারের বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গে দেশটির সেনাবাহিনীর সংঘর্ষ চলছে। জাতিগত সংখ্যালঘু রাখাইন আন্দোলনের প্রশিক্ষিত ও সুসজ্জিত সামরিক শাখা আরাকান আর্মি। তারা মিয়ানমারের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে স্বায়ত্তশাসন চায়। আরাকান আর্মি সশস্ত্র জাতিগত গোষ্ঠীর একটি জোটের সদস্য। তারা সম্প্রতি মিয়ানমারের উত্তর-পূর্বাঞ্চলে একটি কৌশলগত অঞ্চল প্রতিষ্ঠা করেছে। মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি এবং তা'আং ন্যাশনাল লিবারেশন আর্মির সঙ্গে থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স নামে একত্রে কাজ করে আরাকান আর্মি। এই জোট, ২০২৩ সালের ২৭ অক্টোবর চীন সীমান্তবর্তী উত্তরাঞ্চলীয় শান রাজ্যে একটি সমন্বিত আক্রমণ শুরু করে। ২০২১ সালের ফেব্রুয়ারিতে অং সান সু চির নির্বাচিত সরকারের কাছ থেকে সেনাবাহিনী ক্ষমতা দখলের পর থেকে এই অভিযান মিয়ানমারের সামরিক শাসকদের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এ জোটের বরাত দিয়ে অ্যাসোসিয়েট প্রেস (এপি) জানিয়েছে, তারা ২৫০টির বেশি সামরিক চৌকি, পাঁচটি সরকারি সীমান্ত ক্রসিং এবং চীন সীমান্তের কাছে একটি বড় শহরসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ শহর দখল করে নিয়েছে। উল্লেখ্য, ২০১৭ সালের ২৫ অগাস্ট মিয়ানমারের সেনাবাহিনী উত্তর রাখাইন রাজ্যে রোহিঙ্গা জনগোষ্ঠীর বিরুদ্ধে হিংসাত্মক অভিযান শুরু করে। যা ছিল আন্তর্জাতিক আইনের অধীনে গুরুতর অপরাধ। তখন সেনাবাহিনী গ্রামের পর গ্রাম জ্বালিয়ে দেয়। সেনাবাহিনীর নৃশংস অভিযানের ফলে, সংখ্যালঘু মুসলিম রোহিঙ্গা সম্প্রদায়ের অন্তত ৭ লাখ ৪০ হাজার সদস্য সীমান্ত পেরিয়ে বাংলাদেশে আশ্রয় নিতে বাধ্য হয়। (ভোয়া ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ এলিনা)

## আইনজীবী সমিতির নির্বাচনে সহিংসতার ঘটনায় ৫ আইনজীবী কারাগারে

বাংলাদেশ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনে সহিংসতার ঘটনায় ঢাকার শাহবাগ থানায় দায়ের করা মামলায় রিমান্ড শেষে পাঁচজন আইনজীবীকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। মঙ্গলবার (১২ মার্চ) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রাজেশ চৌধুরীর আদালত শুনানি শেষে জামিন নামঞ্জুর করে এ আদেশ দেন। কারাগারে যাওয়া আইনজীবীরা হলেন- মোহাম্মাদ ওসমান চৌধুরী, কাজী বশির আহমেদ, মো. এনামুল হোসেন সুমন, মো. হাসানুজ্জামান তুষার ও মো. তরিকুল ইসলাম। তিন দিনের রিমান্ড শেষে মামলার তদন্ত কর্মকর্তা ডিবি পুলিশের পরিদর্শক আবুল কালাম আযাদ পাঁচ আইনজীবীকে আদালতে হাজির করে কারাগারে আটক রাখার আবেদন করেন। অভিযুক্ত পক্ষের আইনজীবীরা জামিন চেয়ে শুনানি করেন।

অপরদিকে রাষ্ট্রপক্ষ অভিযুক্তদের জামিনের বিরোধিতা করে। দুই পক্ষের শুনানি শেষে আদালত জামিন নামঞ্জুর করে তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন। শাহবাগ থানার আদালতের সাধারণ নিবন্ধন শাখার উপপরিদর্শক (এসআই) নিজাম উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনে মারধর, ভাঙচুরের ঘটনায় স্বতন্ত্র সম্পাদক প্রার্থী নাহিদ সুলতানা যুথী ও বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) অনুসারী সম্পাদক প্রার্থী ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজলসহ ২০ জন আইনজীবীকে অভিযুক্ত করে শাহবাগ থানায় হত্যাচেষ্টার অভিযোগে ৮ মার্চ মামলা করেন সহকারী অ্যাটর্নি জেনারেল মো. সাইফুর রহমান সিদ্দিকী (সাইফ)। মামলায় আরও ৩০-৪০ জনকে অজ্ঞাতনামা অভিযুক্ত করা হয়। উল্লেখ্য, বাংলাদেশ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির এবারের নির্বাচনে ভোট গ্রহণ হয় ৬ ও ৭ মার্চ। ভোট গণনা নিয়ে দুই পক্ষের মধ্যে হট্টগোল ও মারধরের ঘটনা ঘটে এবং অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি তৈরি হয়।

৭ মার্চ (বৃহস্পতিবার) রাতেই ভোট গণনার পক্ষে সোচ্চার হন সম্পাদক প্রার্থী নাহিদ সুলতানা যুথী। তবে আওয়ামী লীগ সমর্থিত সম্পাদক প্রার্থী শাহ মনজুরুল হক ৮ মার্চ (শুক্রবার) বেলা ৩টায় 'দিনের আলোতে' ভোট গণনা চাচ্ছিলেন। এ বিষয় নিয়েই একপর্যায়ে দুই পক্ষের সমর্থকদের মাঝে হট্টগোল শুরু হয়। শুক্রবার ভোরে মারামারির ঘটনাও ঘটে। যেখানে একজন সহকারী অ্যাটর্নি জেনারেলকে আক্রমণ করার ভিডিও ছড়িয়ে পড়ে। যেটি 'বহিরাগতের হামলা' হয়েছে বলে দাবি করা হয়। পরে সহকারী অ্যাটর্নি জেনারেল সাইফুর রহমান চৌধুরী সাইফ তাঁকে হত্যাচেষ্টার অভিযোগ এনে শুক্রবার রাতে মামলা করেন। যেখানে এই নির্বাচনের স্বতন্ত্র সম্পাদক প্রার্থী অ্যাডভোকেট নাহিদ সুলতানা যুথি এবং বিএনপি অনুসারী প্যানেলের সম্পাদক প্রার্থী ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজলসহ ২০ জনকে অভিযুক্ত করা হয়। শুক্রবার রাতেই এই মামলার অভিযুক্ত বিএনপি অনুসারী ব্যারিস্টার ওসমান চৌধুরীকে গ্রেপ্তার করে পুলিশ। আর নাহিদ সুলতানা যুথীর বাসায় গোয়েন্দা পুলিশ (ডিবি) অভিযান চালিয়ে কয়েকজনকে আটক করে। এরপর শনিবার সন্ধ্যায় বিএনপি অনুসারী সম্পাদক প্রার্থী ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজলকে গ্রেপ্তার করে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। পরে তাঁর ৪ দিনের রিমান্ডের আদেশ দেন ঢাকার একটি আদালত। এদিকে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনের ভোট গণনা নিয়ে হামলা-মামলার প্রেক্ষাপটে সোমবার তিনজন সহকারী অ্যাটর্নি জেনারেলের নিয়োগ বাতিল করে পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। এই তিন সহকারী অ্যাটর্নি জেনারেল হলেন; মো. জাকির হোসেন, কাজী বশির আহমেদ ও শ্যামা আক্তার। রাষ্ট্রপতির আদেশক্রমে আইন মন্ত্রণালয়ের সলিসিটর রুনা নাহিদ আকতারের সই করা এক বিজ্ঞপ্তিতে এই সিদ্ধান্তের কথা জানানো হয়। তিন সহকারী অ্যাটর্নি জেনারেলের মধ্যে মো. জাকির হোসেন ও কাজী বশির আহমেদ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনের ভোট গণনা নিয়ে হামলার ঘটনায় আহত সহকারী অ্যাটর্নি জেনারেল সাইফুর রহমান চৌধুরী সাইফের করা মামলার অভিযুক্ত। অন্যদিকে, সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির ঘটনাবহুল নির্বাচনে কার্যনির্বাহী কমিটির ১৪টি পদের মধ্যে আওয়ামী লীগ সমর্থিত বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ (সাদা প্যানেল) থেকে ১০ জন নির্বাচিত হন। সম্পাদক পদসহ এই প্যানেলের নির্বাচিতরা হলেন- সম্পাদক শাহ মঞ্জুরুল হক, সহ-সভাপতি রমজান আলী শিকদার ও দেওয়ান মো. আবু ওবাঈদ হোসেন সেতু, কোষাধ্যক্ষ মোহাম্মদ নুরুল হুদা আনসারী, সহ-সম্পাদক মো. হুমায়ুন কবির ও মোহাম্মদ হুমায়ন কবির এবং সদস্য পদে মো. বেলাল হোসেন, মো. রায়হান রনি, রাশেদুল হক খোকন ও খালেদ মোশাররফ। বিএনপি অনুসারী জাতীয়তাবাদী আইনজীবী ঐক্য প্যানেল (নীল প্যানেল) থেকে ৪ জন নির্বাচিত হন। সভাপতিসহ এই প্যানেলের নির্বাচিতরা হলেন- সভাপতি ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন ও সদস্য পদে সৈয়দ ফজলে এলাহী অভি, শফিকুল ইসলাম ও ফাতিমা আক্তার। (ভোয়া ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ এলিনা)

## ভারত মহাসাগরে বাংলাদেশি মালিকানাধীন জাহাজ ছিনতাই করেছে সোমালিয়ার জলদস্যুরা

ভারত মহাসাগরে সোমালিয়ার জলদস্যুদের একটি দল 'এমভি আবদুল্লাহ' নামের বাংলাদেশি মালিকানাধীন একটি জাহাজ ছিনতাই করেছে। জাহাজটি চট্টগ্রামভিত্তিক কবির স্টিল অ্যান্ড রিরোলিং মিল (কেএসআরএম) গ্রুপের অঙ্গ প্রতিষ্ঠান এসআর শিপিং লাইনসের। কেএসআরএম গ্রুপের একজন কর্মকর্তা এই তথ্য জানিয়েছেন। মোজাম্বিকের মাপুতো বন্দর থেকে সংযুক্ত আরব আমিরাতের আল হামরিয়া বন্দরে কয়লা বহনকারী জাহাজটি মঙ্গলবার (১২ মার্চ) দুপুরের দিকে জলদস্যুদের কবলে পড়ে। জাহাজটিতে ২৩ জন নাবিক রয়েছেন। কেএসআরএম গ্রুপের মিডিয়া উপদেষ্টা মিজানুল ইসলাম জানান, জলদস্যুদের হাতে সব নাবিক জিম্মি। তিনি বলেন, "আমরা তথ্য পেয়েছি, জাহাজটি

ভারত মহাসাগরে জলদস্যুদের দ্বারা আক্রান্ত হয়েছে। জাহাজের নাবিকেরা নিরাপদ আছেন। আমরা তাদের সঙ্গে যোগাযোগ স্থাপনের জন্য চেষ্টা করছি।"(ভোয়া ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ এলিনা)

## দেশের দুর্বল ব্যাংকগুলো ডিসেম্বরের মধ্যে ভালো ব্যাংকের সঙ্গে একীভূত হতে পারবে: কেন্দ্রীয় ব্যাংক

এ বছরের ডিসেম্বর মধ্যে বাংলাদেশের দুর্বল ব্যাংকগুলো চাইলে স্বেচ্ছায় ভালো ব্যাংকের সঙ্গে একীভূত হতে পারবে। ডিসেম্বরের পর ব্যাংকের পরিচালনা পর্ষদ এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা হারাবে। এরপর কেন্দ্রীয় ব্যাংক এ বিষয়ে সিদ্ধান্ত নেবে। বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক বাংলাদেশ ব্যাংক (বিবি) এ তথ্য জানিয়ে বলেছে, ২০২৪ সালের ডিসেম্বরের পরে বাংলাদেশ ব্যাংক সিদ্ধান্ত নেবে কোন ব্যাংক কোন ব্যাংকের সঙ্গে একীভূত হবে। মঙ্গলবার (১২ মার্চ) বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র মেজবাউল হক এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের কাছে এই তথ্য জানান। শক্তিশালী ব্যাংকের সঙ্গে ১০টি দুর্বল ব্যাংকের একীভূতকরণের বিষয়ে তিনি বলেন, “বৈশ্বিক মান বজায় রাখতে ব্যাংকগুলোকে একীভূত করা হবে এবং আমানতকারীরা এই প্রক্রিয়ার কারণে ক্ষতিগ্রস্থ হবেন না।” বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদনে কিছু ভালো ব্যাংককেও হলুদ তালিকাভুক্ত করা হয়েছে, এমন প্রশ্নের জবাবে মেজবাউল হক বলেন, কেন্দ্রীয় ব্যাংক সাধারণত একটি নির্দিষ্ট ব্যাংকের প্রকৃত ব্যালেন্সের ভিত্তিতে কাজ করে। প্রবিধানের অংশ হিসেবে বাংলাদেশ ব্যাংক তিন ও ছয় মাসের ভিত্তিতে ব্যাংকের কার্যক্রম ও আর্থিক স্বাস্থ্য সংক্রান্ত প্রতিবেদন তৈরি করে। তিনি বলেন, বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন বিভাগ নানা সময়ে ব্যাংকের তালিকা করে থাকে। এই তালিকাটা ধারণাভিত্তিক। যেখানে কোন পরিস্থিতি হলে কী হবে, তা বিবেচনায় নেওয়া হয়। ব্যাংকের স্বাস্থ্য দেখার একমাত্র উপাদান নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন, যা ক্যামেলস পদ্ধতির মাধ্যমে দেখা হয়। উল্লেখ্য, ব্যাংক একীভূত করা হচ্ছে, এমন আলোচনার মধ্যে ৪ মার্চ ব্যাংক উদ্যোক্তাদের সংগঠন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ ব্যাংকসের (বিএবি) একটি প্রতিনিধিদল কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরের সঙ্গে দেখা করে। এ সময় কেন্দ্রীয় ব্যাংক জানিয়ে দেয়, চলতি বছরের মধ্যে ৭ থেকে ১০টি দুর্বল ব্যাংক সবল বা ভালো ব্যাংকের সঙ্গে একীভূত হতে পারে। এ সময়ের মধ্যে দুর্বল ব্যাংকগুলো নিজেদের ইচ্ছায় একীভূত না হলে ২০২৫ সাল থেকে তাদের চাপ দিয়ে একীভূত করা হবে। ওই বৈঠকে আরও জানানো হয়, দুর্বল ব্যাংকের খারাপ সম্পদ (ঋণ) কিনে নেবে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানি (এএমসি)। ফলে একীভূত হওয়ার কারণে ভালো ব্যাংকগুলোর খারাপ হয়ে পড়ার আশঙ্কা নেই। তবে দুর্বল ব্যাংকগুলোর পরিচালকেরা ভালো ব্যাংকের পরিচালক হওয়ার যোগ্যতা হারাবেন। (ভোয়া ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ এলিনা)

## বাংলাদেশের ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি অনুমোদন দিয়েছে এনইসি

বাংলাদেশের চলতি ২০২৩-২৪ অর্থবছরের জন্য মূল বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) থেকে ১৮ হাজার কোটি টাকা কমিয়ে ২ লাখ ৪৫ হাজার কোটি টাকার সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)। মঙ্গলবার (১২ মার্চ) রাজধানী ঢাকার শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে এনইসি চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সড়ক পরিবহন, যোগাযোগ, জ্বালানি ও বিদ্যুৎসহ আরও কিছু খাতে অগ্রাধিকার দেওয়া আরএডিপি চলতি অর্থবছরের মূল এডিপি ২ লাখ ৬৩ হাজার কোটি টাকার আকার থেকে ৬ দশমিক ৮৪ শতাংশ কম। সংবাদ সম্মেলনে পরিকল্পনা বিভাগের সিনিয়র সচিব সত্যজিৎ কর্মকার জানান, মোট ২ লাখ ৪৫ হাজার কোটি টাকার সংশোধিত আরএডিপির মধ্যে ১ লাখ ৬১ হাজার ৫০০ কোটি টাকা স্থানীয় উৎস থেকে আসবে। আর বৈদেশিক উৎস থেকে আসবে ৮৩ হাজার ৫০০ কোটি টাকা। তিনি বলেন, চলতি অর্থবছরে আরএডিপিতে মোট প্রকল্পের সংখ্যা নির্ধারণ করা হয়েছে ১ হাজার ৫৮৮টি। প্রকল্পগুলোর মধ্যে ১ হাজার ৩৪৫টি বিনিয়োগ প্রকল্প, ৩৬টি সম্ভাব্যতা যাচাই, কারিগরি সহায়তা প্রকল্প ১১৫টি এবং স্বায়ত্তশাসিত প্রকল্প ৯২টি। পরিকল্পনামন্ত্রী মেজর জেনারেল (অব.) আবদুস সালাম বলেছেন, চলমান প্রকল্পগুলোর মধ্যে যেগুলো বাস্তবায়নে স্বল্প তহবিল ও কম সময় লাগবে, সেগুলোর জন্য প্রয়োজনীয় বরাদ্দের ব্যবস্থা করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বলেছেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, প্রকল্প প্রণয়ন, অনুমোদন ও বাস্তবায়নের বিষয়ে ইতিপূর্বে প্রধানমন্ত্রীর দেওয়া নির্দেশনার আলোকে বৈঠকে বেশ কিছু সুনির্দিষ্ট প্রস্তাব উপস্থাপন করা হয়েছে। তিনি বলেন, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন পর্যায়ে স্বাভাবিক বিলম্বের প্রবণতা রোধে সম্ভাব্যতা যাচাই পরিচালনার ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী। আবদুস সালাম বলেন, বৈঠকে অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, বিদ্যুৎ ও জ্বালানি, বিজ্ঞান ও প্রযুক্তি, সামাজিক সুরক্ষা, জলবায়ু পরিবর্তনের মতো খাতে বরাদ্দ ও বিনিয়োগকে অগ্রাধিকার দেওয়ার ওপর গুরুত্বারোপ করা হয়েছে। 'স্থিতিশীলতা উন্নয়নের পূর্বশর্ত এবং এটি এখন রয়েছে' উল্লেখ করে তিনি বলেন, প্রকল্পগুলোর বাস্তবায়ন এখন সুষ্ঠুভাবে চলছে। এডিপির আকার কমানোর বিষয়ে এক প্রশ্নের জবাবে আবদুস সালাম বলেন, এডিপি সংশোধন একটি চলমান প্রক্রিয়া এবং এটি অব্যাহত থাকবে। পরিকল্পনা প্রতিমন্ত্রী শহীদুজ্জামান সরকার বলেন, ছোটখাটো কিছু পরিবর্তন এনে বর্তমান ও বাস্তব পরিস্থিতি বিবেচনায় এ বছর আরএডিপি চূড়ান্ত করা হয়েছে। পরিকল্পনা সচিব জানান, প্রধানমন্ত্রী চলতি অর্থবছরের মধ্যে কাজ শেষ পর্যায়ে রয়েছে এমন প্রায় ৩৩০টি প্রকল্পের কাজ শেষ করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগকে নির্দেশ দিয়েছেন।

২০২০-২১ অর্থবছরের আরএডিপি অনুযায়ী, পরিবহন ও যোগাযোগ খাতে সর্বোচ্চ ৬৩ হাজার ২৬৩ কোটি ৩১ লাখ টাকা (২৫ দশমিক ৮২ শতাংশ), বিদ্যুৎ ও জ্বালানি খাতে ৩৭ হাজার ৮৯৬ কোটি ৭৩ লাখ টাকা (১৫ দশমিক ৪৭

শতাংশ), আবাসন ও কমিউনিটি সুবিধা খাতে ২৮ হাজার ২ কোটি ১৫ লাখ টাকা (১১ দশমিক ৪৩ শতাংশ), স্থানীয় সরকার ও পল্লি উন্নয়ন খাতে ১৯ হাজার ৯৬৯ কোটি ৭১ লাখ টাকা (৮ দশমিক ১৫ শতাংশ), শিক্ষা খাতে ১৭ হাজার ২২৯ কোটি ৯১ লাখ টাকা (৭ দশমিক ০৩ শতাংশ), পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও পানিসম্পদ খাতে ১৪ হাজার ৩৯১ কোটি টাকা (৫ দশমিক ৮৭ শতাংশ) বরাদ্দ ধরা হয়েছে। এ ছাড়া, স্বাস্থ্য খাতে ১২ হাজার ৬৬ কোটি ৭৬ লাখ টাকা (৪ দশমিক ৯৩ শতাংশ), কৃষিতে ১০ হাজার ৩১৭ কোটি ৭৬ লাখ টাকা (৪ দশমিক ২১ শতাংশ), শিল্প ও অর্থনৈতিক সেবা ৪ হাজার ৬৩০ কোটি ৪৩ লাখ টাকা (১ দশমিক ৮৯ শতাংশ) এবং বিজ্ঞান ও আইসিটি খাতে ৩ হাজার ৬৩৭ কোটি ১২ লাখ (১ দশমিক ৪৮ শতাংশ) টাকা। সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত মন্ত্রণালয় ও বিভাগের মধ্যে স্থানীয় সরকার বিভাগ ৪২ হাজার ৭০০ কোটি ৭৬ লাখ টাকা (১৭ দশমিক ৪৩ শতাংশ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ২৭ হাজার ৮০৩ কোটি ৪৫ লাখ টাকা (১১ দশমিক ৩৫ শতাংশ), বিদ্যুৎ বিভাগ ২৭ হাজার ১২৭ কোটি ৪৫ লাখ টাকা (১১ দশমিক ৭ শতাংশ), রেলপথ মন্ত্রণালয় ১৩ হাজার ১১৭ কোটি ৬২ লাখ টাকা (৫ দশমিক ৩৫ শতাংশ), পানি সম্পদ মন্ত্রণালয় ১২ হাজার ১৯২ কোটি ৭৫ লাখ টাকা (৪ দশমিক ৯৮ শতাংশ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ১১ হাজার ৪১৫ কোটি ৫১ লাখ টাকা (৪ দশমিক ৬৬ শতাংশ) এবং স্বাস্থ্যসেবা বিভাগ ৯ হাজার ৩৪৫ কোটি ৪৯ লাখ টাকা (৩ দশমিক ৮১ শতাংশ) বরাদ্দ পেয়েছে। (ভোয়া ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ এলিনা)

## নতুন করে শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

"তুমি তো সুন্দরী। মডেলের মত চেহারা। তুমি কেন পেছনে বসবে। তুমি সামনে এসে বস। তারপর উনি আমাকে সামনে গিয়ে বসতে বাধ্য করতেন। "যদি ক্লাসের কোন ব্যাপার নিয়ে তার সাথে আলাপ করতে চাইতাম, তিনি বলতেন, পাঁচটার পর তার কামরায় যেতে। কিংবা লাউঞ্জে গিয়ে তার সাথে কফি খেতে।" ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন প্রাক্তন শিক্ষার্থী তার বিভাগের একজন শিক্ষক সম্পর্কে বলছিলেন। এই শিক্ষার্থী ২০১১ সালে স্নাতক শ্রেণিতে ভর্তি হন। "উনি সরাসরি কিছু বলতেন না, কিন্তু আকার-ইঙ্গিতে বোঝাতেন, আমি যদি ক্লাসের বাইরে তার সাথে আলাদা সময় কাটাই, তাকে সঙ্গ দেই, তাহলে আমার পরীক্ষার ফল ভাল হবে। এমনকি আমার সহপাঠীরাও সেটা বুঝতেন।" "দিনের পর দিন তিনি এটা করেছেন। এক পর্যায়ে যখন উনি আমার কাছ থেকে কোন সাড়া পাচ্ছিলেন না, তখন আমার সাথে দুর্ব্যবহার করতে শুরু করেন। পরে যখন পরীক্ষার ফল আসতে শুরু করলো, তখন দেখতে পেলাম একমাত্র এই শিক্ষকের পড়ানো বিষয়গুলোতেই আমার খুব খারাপ ফল হচ্ছে। বাকী বিষয়গুলোতে আমি তুলনামূলক ভাল করেছি। “কিন্তু স্নাতক চূড়ান্ত পরীক্ষা শেষে আমার গড় ফল খুব খারাপ হয় অনেকটা এই শিক্ষকের পড়ানো বিষয়গুলোতে কম নম্বর পাওয়ার কারণে। মাস্টার্সে এই শিক্ষকের কোন কোর্স ছিল না, এবং আমি খুবই ভাল ফল করেছি"। বলছিলেন নাম প্রকাশে অনিচ্ছুক এই প্রাক্তন শিক্ষার্থী। তার ভয়, সে সময়ের তরুণ সেই শিক্ষক তার ভাষায় এখন "এতটাই ক্ষমতাবান যে এখনো যদি জানতে পারেন আমি মুখ খুলেছি তাহলে, তিনি আমার ক্যারিয়ার খারাপ করে দেবেন।“ ঢাকা বিশ্ববিদ্যালয়ে এখন পড়ছেন এমন একজন ছাত্রী বলছিলেন তার শ্রেণীকক্ষের অভিজ্ঞতা। তিনি বলছেন, "বিশ্ববিদ্যালয়ে এমন একজন শিক্ষকের ক্লাস করার সুযোগ হয়েছে যিনি ক্লাসে ঘণ্টার পর ঘণ্টা মেল গেজ তত্ত্ব বা পুরুষের নারীর প্রতি লোলুপ দৃষ্টি নিয়ে লেকচার দিতেন।"

দুটো ঘটনার মধ্যে সময়ের পার্থক্য এক যুগের বেশি। কিন্তু দুজনের অভিজ্ঞতার পার্থক্য খুব বেশি না। তাদের সাথে এই আলাপ এমন সময়ে হচ্ছে যখন বছরের প্রথম মাস তিনটি জুড়েই বাংলাদেশে জোর আলোচনার বিষয় বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষকদের বিরুদ্ধে ওঠা যৌন নিপীড়নের অভিযোগ। এর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভিযোগটি বেশ আলোচিত। সেখানে ফেব্রুয়ারি মাসেই একজন অধ্যাপকের বিরুদ্ধে পরপর দুটি যৌন নিপীড়নের অভিযোগ ওঠে। দ্বিতীয় অভিযোগটি ওঠে অন্য একটি বিশ্ববিদ্যালয়ের একজন সাবেক ছাত্রীর কাছ থেকে, যেখানে ওই অধ্যাপক একসময় খণ্ডকালীন হিসেবে কিছুদিন অধ্যাপনা করেছিলেন। এই শিক্ষককে বরখাস্ত ও বিচারের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বেশ কয়েকদিন ধরে ছাত্র আন্দোলন হয়। এক পর্যায়ে ওই অধ্যাপককে বাধ্যতামূলক ছুটিতে পাঠায় ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন। এই অধ্যাপকের বিরুদ্ধে ওঠা অভিযোগটি এখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌন নিপীড়ন নিরোধ সেল-এ তদন্তাধীন রয়েছে।

বাংলাদেশ মহিলা আইনজীবী সমিতির তৎকালীন নির্বাহী পরিচালক সালমা আলীর একটি রিট আবেদনের প্রেক্ষাপটে বাংলাদেশের হাইকোর্ট ২০০৯ সালে এক রায় দেয় যেখানে যৌন হয়রানিকে অপরাধ হিসেবে সংজ্ঞায়িত করা হয়। একই সাথে এই বিষয়ে বিচার প্রক্রিয়া ও অভিযোগ দায়ের করার জন্য বাংলাদেশের প্রতিটি কর্মক্ষেত্র এবং শিক্ষা প্রতিষ্ঠানে যৌন নিপীড়ন তদন্ত সেল গঠনের নির্দেশনা দেয় হাইকোর্ট। ওই রায়ের পনের বছর পর এসেও দেখা যাচ্ছে বাংলাদেশের অনেক প্রতিষ্ঠানই এই নির্দেশনা বাস্তবায়ন করেনি। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দেয়া হিসেব মতে ৪৫টি পাবলিক ও ৮৭টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে এখন পর্যন্ত এমন কমিটি গঠন হয়েছে। যদিও বাংলাদেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা শতাধিক এবং পাবলিক বিশ্ববিদ্যালয় ৬১টি। এ বছরের পয়লা জানুয়ারি থেকে ১২ই মার্চ পর্যন্ত অনলাইন সংবাদপত্রে প্রকাশিত বাংলাদেশের খবরগুলো বিশ্লেষণ করে দেখা যায়, এই সময়ের মধ্যে বাংলাদেশের তিনটি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের বিরুদ্ধে যৌন নিপীড়নের অভিযোগ ওঠার পর ছাত্র বিক্ষোভ হয়েছে। ফেব্রুয়ারি মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিক্ষোভ শুরু হওয়ার আগে গত জানুয়ারি মাসে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে

হয় প্রথম ছাত্র বিক্ষোভ। সেখানে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে তদন্ত করে অভিযোগের সত্যতা মেলে এবং ওই শিক্ষককে চাকরীচ্যুত করা হয়। পরে ফেব্রুয়ারি মাসে ওই একই বিভাগের আরো দুজন শিক্ষকের বিরুদ্ধে একই রকম অভিযোগ উঠলে আবারো ছাত্র বিক্ষোভ শুরু হয় সেখানে। এছাড়া মার্চ মাসে ময়মনসিংহের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে হয় আরেকটি ছাত্র বিক্ষোভ। সেখানেও একটি বিভাগের দুজন শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীদের যৌন নিপীড়ন করার অভিযোগ ওঠে। ফেব্রুয়ারি মাসে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েও যৌন নিপীড়নে অভিযুক্ত একজন শিক্ষক চাকরীচ্যুত হন। যদিও নিপীড়নের অভিযোগটি উঠেছিল এক বছর আগে। এ বছরের শুরু দিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েও অবশ্য নিপীড়ন বিরোধী ছাত্র বিক্ষোভ চলছিল। তবে সেই নিপীড়নের অভিযোগ কোন শিক্ষকের বিরুদ্ধে ছিল না। ছিল বিশ্ববিদ্যালয়টিরই একদল ছাত্রের বিরুদ্ধে। এই নিপীড়নের অভিযোগগুলোর খবর সংবাদপত্রে এসেছে কারণে নিপীড়নের শিকার যারা হয়েছেন তারা মুখ খুলেছেন। অর্থাৎ আনুষ্ঠানিক অভিযোগ তারা করেছেন। এবং সেই অভিযোগের জের ধরে ছাত্র বিক্ষোভ হয়েছে। কিন্তু শুরুতেই নাম প্রকাশ না করা যে দুজন ছাত্রীর অভিজ্ঞতা বর্ণনা করা হয়েছে, তারা কোন দিন অভিযোগ করেননি। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক ড. আব্দুল আলীম ২০২৩ সালে একটি গবেষণা করেছেন যেখানে তিনি তার বিশ্ববিদ্যালয়ের ২০০ জন ছাত্রীর সাক্ষাৎকার নিয়েছেন। এই গবেষণায় তিনি দেখতে পেয়েছেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পড়াকালীন যেসব ছাত্রী যৌন নিপীড়নের শিকার হন, তাদের শতকরা ৯০ ভাগই কোন রকম অভিযোগ করেন না। "একটা ট্যাবু থাকে। সোশ্যাল ট্যাবু হচ্ছে, মেয়েরা যদি অভিযোগ করে শিক্ষকের বিরুদ্ধে সেক্ষেত্রে মেয়েরা এখানে পড়াশোনা চালিয়ে যেতে পারবে না। সে গ্রেডিংয়ে খারাপ করবে। তাকে ফেল করিয়ে দেবে", বলছেন ড. আলীম। ড. আলীমের গবেষণায় যে ১০% ছাত্রী অভিযোগ করেছিলেন, তাদের মাত্র অর্ধেক সংখ্যক অভিযোগ করেছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের যৌন নিপীড়ন নিরোধ সেল-এ। যদিও এই সেলের কার্যকারীতা নিয়ে সংশয় আছে ড. আলীমের। তিনি বলছেন, "বেশিরভাগ ইউনিভার্সিটি হাইকোর্টের আদেশ ঠিকঠাক বাস্তবায়ন করেনি। যেগুলোতে আছে, সেগুলোও নামমাত্র কমিটি"। "কমিটিগুলোতে সমস্যা আছে। ট্রেনিং নেই তাদের। ভিকটিমদের সাপোর্ট সেন্টার নাই যেখানে তাদের রক্ষা করবে। তারা মনে করে তারা বিচারের আসনে বসে আছে এখানে। তারা শুধু বিচার করবে। তদন্ত যে সঠিকভাবে কিভাবে করতে হবে এই বিষয়গুলো তারা জানে না"। ড. আলীম বলছেন, এই কমিটিগুলো ঠিকঠাক প্রক্রিয়া মেনে কাজ না করায় অনেক সময় অভিযুক্ত হাইকোর্টে গিয়ে নিজের পক্ষে রায় নিয়ে আবার ফিরে আসে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এমন একটি ঘটনার কথা উল্লেখ করেন ড. আলীম যেখানে বিশ্ববিদ্যালয়ের কমিটির তদন্তে দোষী সাব্যস্ত হয়ে শাস্তি পাবার পর তিনি উচ্চ আদালতে গিয়ে নিজের পক্ষে রায় নিয়ে আবার ফিরে আসেন। যে আইনজীবীর রিট আবেদনের প্রেক্ষাপটে হাইকোর্ট কর্মক্ষেত্র ও শিক্ষা প্রতিষ্ঠানে যৌন নিপীড়ন নিরোধ সেল তৈরির নির্দেশনা দিয়েছিল, সেই সালমা আলী এখন বাংলাদেশ মহিলা আইনজীবী সমিতির প্রেসিডেন্ট। তিনি একটি বিশ্ববিদ্যালয়ের একাধিক শিক্ষিকাকে উদ্ধৃত করে বলছিলেন, কমিটিগুলো "সব আইওয়াশ"। "সেখানে যেই নিয়মকানুনগুলা আছে, টাইম ফ্রেম ধরা আছে, সেই জায়গাগুলার কোন জায়গাতে তারা একর্ডিং টু হাইকোর্ট গাইডলাইন, সেভাবে সেই কাজটা করছে না"। যদিও কিছু কিছু বিশ্ববিদ্যালয়ে গঠিত কমিটিগুলো ভাল কাজ করছে বলেও উল্লেখ করেন সালমা আলী। ড. আলীম বলছেন, কমিটি অনেক সময় সুপারিশ করলেও বিশ্ববিদ্যালয়গুলোর সিন্ডিকেট বেশিরভাগ সময়ে সেই মোতাবেক ব্যবস্থা নেয় না।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌন নিপীড়ন নিরোধ সেলের কার্যকারিতা নিয়ে প্রশ্ন করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়েরই একজন বর্তমান ছাত্রী, যার অভিজ্ঞতার কথা এই প্রতিবেদনের শুরুতে উল্লেখ করা হয়েছে। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এই কমিটির প্রধান জিনাত হুদা বলছেন, তার সময়কালে মোট তিনটি অভিযোগ তার কাছে এসেছিল। তিনি তিনটিই তদন্ত শেষ করে চূড়ান্ত সুপারিশ দিয়েছেন। এবং তিনটি ঘটনাতেই বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট তার সুপারিশ অনুযায়ী ব্যবস্থা নিয়েছিল। "আমি তো একা না, আমরা যে সুপারিশ করেছি সেই সুপারিশ অনুযায়ীই সিন্ডিকেটে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। কোন ব্যত্যয় হয়নি", বলছিলেন অধ্যাপক জিনাত হুদা। অধ্যাপক হুদা প্রায় দুবছর ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌন নিপীড়ন নিরোধ সেলের প্রধান। তিনি যে তিনটি ঘটনার উল্লেখ করেছেন সেগুলোর ক্ষেত্রে কী ধরণের সুপারিশ করা হয়েছে বা কী শাস্তি দেয়া হয়েছে তার বিস্তারিত বলতে রাজী হননি। তবে এই সময়কালে পত্রিকায় প্রকাশিত খবর বিশ্লেষণ করে দেখা যায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনটি যৌন নিপীড়নের অভিযোগের ক্ষেত্রে একজন শিক্ষকের পদোন্নতি স্থগিত করা হয়েছে, একজনকে সাময়িক বরখাস্ত করা হয়েছে, আরেকজনকে বাধ্যতামূলক ছুটিতে পাঠানো হয়েছে। তবে এই তিনটি ঘটনাই অধ্যাপক হুদার উল্লেখ করা তিনটি ঘটনা কি না তা নিরপেক্ষভাবে যাচাই করা সম্ভব হয়নি। "নামমাত্র কমিটি" বা "আইওয়াশ" হওয়ার পরও দেখা যাচ্ছে পনের বছর পার হয়ে গেলেও উল্লেখযোগ্য সংখ্যক বিশ্বিদ্যালয় এখনও পর্যন্ত কোন কমিটিই গঠন করেনি। বিশ্ববিদ্যালয়ে হাইকোর্ট নির্দেশিত কমিটি গঠনের বিষয়টি নিশ্চিত করার কথা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের।

কমিশনের উপপরিচালক মৌলি আজাদ বলছেন, যে বিশ্ববিদ্যালয়গুলোতে এখনও কমিটি হয়নি, সেগুলোর শিক্ষা কার্যক্রম এখনো ঠিকঠাক শুরু হয়নি। তবে কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সাথে কথা বলে ও তাদের ওয়েবসাইট বিশ্লেষণ করে দেখা যাচ্ছে এগুলো বেশ পুরনো হওয়া সত্ত্বেও এমন কোন কমিটি সেখানে নেই। মৌলি আজাদ বলছেন, "ইউজিসিতে যথেষ্ট জনবল নেই। তাই আমরা সবসময় ভিজিট করতে পারি না। কিন্তু যখনই আমরা

এ ধরণের ঘটনা দেখি, সাথে সাথে আমরা এটাকে অ্যাড্রেস করি, বিশ্ববিদ্যালয়কে, তারা কী পদক্ষেপ নিয়েছেন"। তবে মৌলি আজাদ বলছিলেন, কমিটিগুলো গঠন করার বিষয়টি নিশ্চিত করার দায়িত্ব বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের হলেও এগুলি ঠিকঠাক কাজ করছে কি না সেটা দেখার দায়িত্ব ছিল বাংলাদেশ মহিলা আইনজীবী সমিতির। কিন্তু মহিলা আইনজীবী সমিতির সালমা আলী বলছেন, "আমরা অনেক যায়গায় যাই দেখি কমিটি করা হয়েছে, কিন্তু কমিটি কোন রিপোর্ট দেয় না"। তবে মহিলা আইনজীবী সমিতি অর্থ ও লোকবলের অভাবে এটা আরো ভালভাবে পর্যবেক্ষণ করতে পারছে না বলে স্বীকার করেন সালমা আলী। এদিকে মৌলি আজাদও স্বীকার করেন যে, কোন কোন বিশ্ববিদ্যালয়ে কমিটি থাকলেও চিঠি দেওয়ার পরও তারা বার্ষিক প্রতিবেদন পাঠায় না বা পাঠাতে গড়িমসি করে। "আমার মনে হয় কমিটি অ্যাডেকুয়েট", বলছেন মৌলি আজাদ। "কমিটি ভাল কাজ করে। ঠিকই সুপারিশও দেয়। কিন্তু বিশ্ববিদ্যালয়গুলো পরিদর্শন করে আমার কাছে মনে হয়েছে, শেষ পর্যন্ত সিন্ডিকেট অনেক সময় ওদের বিভিন্ন প্রভাবে সেটা কার্যকর করতে চায় না"। জিনাত হুদা মনে করেন, কমিটির সুপারিশগুলো ঠিকঠাক বাস্তবায়ন হলে সেটা নিপীড়ন কমাতে সাহায্য করবে। তিনি প্রতিটি তদন্ত প্রতিবেদন দেয়ার সাথে সাথে কিছু সুপারিশ জুড়ে দেন বলে জানান। যেমন তিনি বলছেন, আগামী তদন্তের সাথে তিনি সুপারিশ জুড়ে দেবেন, তার বিশ্ববিদ্যালয়ে যেন ভবিষ্যতে শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য আলাদা আলাদা সেশন রাখা হয় যেখানে সচেতন করা হবে দুই পক্ষকেই। তিনি বলছেন, তিনি এর আগে একটি সুপারিশ করেছেন, যেখানে তিনি বলেছেন, বিশ্ববিদ্যালয়ের সকল পদে চাকরিতে যোগ দান করার সময়ে একটা শর্ত জুড়ে দিতে হবে সব জায়গায়, যেখানে প্রার্থীকে ঘোষণা দিতে হবে যে, তিনি কখনো কোন নিপীড়নের সাথে যুক্ত ছিলেন না এবং ভবিষ্যতেও হবেন না। "আমি ঢোকার সময়েই জানছি যে এসমস্ত কাজের সাথে যুক্ত হলে কিন্তু আমার চাকরিটি চলে যাবে। ফ্রম দ্য ভেরি বিগিনিং আমি অ্যাওয়ার হয়ে যাই (শুরু থেকেই আমি সচেতন হয়ে যাই)। এটাও আমি বলেছি"। অধ্যাপক হুদা বলছেন, শুধু ঢাকা বিশ্ববিদ্যালয়ে না, সব বিশ্ববিদ্যালয়ে ও সব কর্মক্ষেত্রেই চাকরির শর্ত হিসেবে এটি যুক্ত থাকতে পারে।

ড. আব্দুল আলীম এবং সালমা আলী মনে করেন, শুধু হাইকোর্টের নির্দেশনাই না, একটা পূর্ণাঙ্গ আইন প্রণীত হওয়া উচিত এই ইস্যুতে। সালমা আলী বলছেন, আইন হলেই যে সেটির প্রয়োগ হবে এমন নয়, কিন্তু এমন একটা আইন যে আছে সেটা মানুষের মাথায় ঢুকে যাবে। সেক্ষেত্রে যৌন নিপীড়নের ঘটনা আরো কমে আসবে বলেও আশা করেন তিনি। (ভোয়া ওয়েব পেজ : ১৩.০৩.২০২৪ এলিনা)

## বাংলাদেশ-ভারতের সঙ্গে সম্পর্ককে গুরুত্ব দেয় যুক্তরাষ্ট্র: মুখপাত্র ম্যাথিউ মিলার

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতরের মুখপাত্র ম্যাথিউ মিলার বলেছেন, "আমরা বাংলাদেশ ও ভারত উভয়ের সঙ্গেই আমাদের সম্পর্ককে মূল্য দিই। একটি মুক্ত, উন্মুক্ত, নিরাপদ ও সমৃদ্ধ ইন্দো-প্যাসিফিক অঞ্চল নিশ্চিত করাসহ আমাদের অভিন্ন স্বার্থ অনুসরণ করতে উভয় দেশের সরকারের সঙ্গে কাজ চালিয়ে যাব আমরা।" ওয়াশিংটনে স্থানীয় সময় সোমবার (১১ মার্চ) এক সংবাদ সম্মেলনে বাংলাদেশে তথাকথিত 'ভারত বর্জন' প্রচারণা সম্পর্কে এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। তাঁর কাছে জানতে চাওয়া হয়—গণমাধ্যমের খবর অনুযায়ী, এ অঞ্চলে 'ভারত বর্জন' প্রচারণার প্রচার হচ্ছে। বাংলাদেশে একতরফা নির্বাচনের পর দেশটির জনগণ প্রতিবেশী দেশের তৈরি পণ্য বর্জনের বিষয়ে প্রচার চালাচ্ছেন। আপনি এ বিষয়কে কীভাবে নিচ্ছেন? জবাবে ম্যাথিউ মিলার বলেন, "এ প্রচারণা সম্পর্কে গণমাধ্যমে প্রকাশিত খবর সম্পর্কে আমরা অবগত আছি। বাংলাদেশ বা বিশ্বের যেকোনো দেশই হোক না কেন, ভোক্তাদের নিজস্ব সিদ্ধান্ত নিয়ে আমি অবশ্যই কোনো মন্তব্য করব না। তবে বাংলাদেশ ও ভারতের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্ককে আমরা গুরুত্ব দিই। একটি স্বাধীন, উন্মুক্ত, নিরাপদ ও সমৃদ্ধ ভারত-মহাসাগরীয় অঞ্চল নিশ্চিত করাসহ আমাদের অভিন্ন স্বার্থগুলো রক্ষায় দুই দেশের সরকারের সঙ্গেই কাজ চালিয়ে যাব আমরা।" সম্প্রতি বাংলাদেশের সামাজিক যোগাযোগমাধ্যমে 'ইন্ডিয়া আউট' নামে ভারত বিরোধী এক ধরনের প্রচারণা লক্ষ্য করা যাচ্ছে। এর মাধ্যমে প্রতিবেশী দেশ ভারতের পণ্যসহ দেশটিকে 'বয়কট' নিয়ে করা নিয়ে বিভিন্ন ধরনের প্রচারণা চলছে। এই প্রচারণায় লক্ষ্য করা গেছে ফেসবুক, এক্স ও ইউটিউবে। যারা এসব প্রচারণা চালাচ্ছেন, তাদের বেশির ভাগই ক্ষমতাসীন আওয়ামী লীগ কিংবা সরকার-বিরোধী হিসেবে পরিচিত। এর সঙ্গে ছোটখাটো কয়েকটি রাজনৈতিক দলও রয়েছে। সম্প্রতি ইউটিউবে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে দেখা যায়, ঢাকার অলি-গলিতে এক তরুণ হ্যান্ডমাইক হাতে ভারতের পণ্য বর্জনের প্রচারণা চালাচ্ছেন। বাংলাদেশে সামাজিক যোগাযোগমাধ্যমের এসব প্রচারণা ভারতেও অনেকের মনোযোগ আকর্ষণ করেছে। বাংলাদেশের এসব প্রচারণার বিরুদ্ধে ভারতের অনেকে ইউটিউবে পাল্টা জবাব দিয়েছেন। বিষয়টি নিয়ে কিছুদিন আগে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের কাছেও প্রশ্ন রাখা হয়েছিল।

সংবাদ সম্মেলনে নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূস ও পিটার হাসের বিষয়েও এক প্রশ্নের জবাব দেন ম্যাথিউ মিলার। এক সাংবাদিক তাঁকে প্রশ্ন করেন, রাষ্ট্রদূত পিটার হাস ড. মুহাম্মদ ইউনূসের পক্ষে মন্তব্য করেছেন। এ নিয়ে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের বিরুদ্ধে অভিযোগ তুলেছেন বাংলাদেশের দুর্নীতি দমন কমিশনের (দুদক) আইনজীবী। তাঁর বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার আহ্বানও জানিয়েছেন তিনি। আপনি জানেন, বাংলাদেশের ক্ষমতাসীন কর্তৃপক্ষ রাজনৈতিকভাবে ড. ইউনূসকে হয়রানি করছে। কর্তৃপক্ষের এই পদক্ষেপের বিরুদ্ধে বিশ্বব্যাপী সমালোচনা বাড়ছে। এ বিষয়ে আপনার মন্তব্য কী? জবাবে ম্যাথিউ মিলার বলেন, "আপনারা এর আগেও মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে মামলাগুলো নিয়ে আমার কাছ

থেকে যুক্তরাষ্ট্র সরকারের উদ্বেগের কথা শুনেছেন, যার মধ্যে রয়েছে বাংলাদেশের আইনের অপব্যবহার করে ড. ইউনূসকে হয়রানি ও ভয়ভীতি দেখানো হতে পারে। বাংলাদেশে যুক্তরাষ্ট্র সরকারের সর্বোচ্চ পর্যায়ের প্রতিনিধি হিসেবে রাষ্ট্রদূত পিটার হাস তাঁর ক্ষমতার ভিত্তিতে দায়িত্ব পালন করেন।"

এ বছরের ১ জানুয়ারি ড. মুহাম্মদ ইউনূসসহ চারজনের বিরুদ্ধে শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে একটি ধারায় ছয় মাসের কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা করে রায় দেয় ঢাকার একটি শ্রম আদালত। আরেকটি ধারায়, তাদের ২৫ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ১৫ দিনের কারাদণ্ড দেওয়া হয়। শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে ২০২১ সালের ৯ সেপ্টেম্বর এই মামলা দায়ের করেছিল কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। দণ্ডাদেশ ঘোষণার পর, ড. ইউনূসের আইনজীবীরা জামিন আবেদন করেন। আদালত আবেদন মঞ্জুর করলে কারাগারে যেতে হয়নি ড. ইউনূসকে।

রায়ের পর প্রতিক্রিয়ায় আদালতে সাংবাদিকদের ড. ইউনূস বলেছিলেন, "যে অপরাধ করিনি, সেই অপরাধর জন্য শাস্তি পেলাম।" এই মামলা ছাড়াও, ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে। অধ্যাপক ইউনূসের বিরুদ্ধে, দুর্নীতি দমন কমিশনের দায়ের করা মামলাও রয়েছে। এই মামলাকে হয়রানিমূলক বলে উল্লেখ করেন ড. ইউনূসের পক্ষের আইনজীবীরা। এদিকে শ্রম আদালতের দেওয়া ৬ মাসের কারাদণ্ডের রায় চ্যালেঞ্জ করে, ২৮ জানুয়ারি (রবিবার) শ্রম আপিল ট্রাইব্যুনালে আবেদন করেছেন ড. মুহাম্মদ ইউনূস । বিস্তারিত শুনানির জন্য আদালত আপিল গ্রহণ করে এবং আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত দণ্ডপ্রাপ্ত ব্যক্তিদের জামিন মঞ্জুর করে আদেশ দেয়।

ড. ইউনূসের আইনজীবী আব্দুল্লাহ আল মামুন জানান, "প্রাথমিক শুনানির পর, শ্রম আপিল ট্রাইব্যুনাল আপিল আবেদনটি শুনানির জন্য গ্রহণ করেছে এবং এ মামলার সঙ্গে সংশ্লিষ্ট শ্রম আদালতের নথি তলব করেছে।" এদিকে বাংলাদেশের আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক জানিয়েছেন, নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে সরকার মিথ্যা মামলা দিয়ে হয়রানি করছে না। ১ ফেব্রুয়ারি (বৃহস্পতিবার) সচিবালয়ে সমসাময়িক বিষয় নিয়ে সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান। আনিসুল হক বলেন, "ড. মুহাম্মদ ইউনূসকে হয়রানি করার জন্য সরকার কিছু করছে না। তাঁর বিরুদ্ধে কোনো মিথ্যা মামলা দিয়ে হয়রানি করছে না। যে মামলা হয়েছে, সেটা শ্রমিকেরা করেছিল, তারপর শ্রমিকদের অধিকার সুরক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত অধিদপ্তর তাঁর বিরুদ্ধে একটা মামলা করেছে। আমি কেবল বলব, দেশ আমাদের সবার। নির্বাহী, আইনসভা কিংবা বিচার বিভাগ সব বিষয়ে দেশের অর্জনই দেশের মানুষের।" আনিসুল হক আরও বলেন, "অকাট্য প্রমাণ থাকার পরও বিদেশে ছড়ানো হচ্ছে- তাঁর (ড. ইউনূস) বিরুদ্ধে সব অভিযোগ মিথ্যা। আরও বলা হচ্ছে আমরা তাঁকে হয়রানির জন্য এটা করছি।" এ ছাড়া, সম্প্রতি পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, ড. ইউনূসের বিরুদ্ধে মামলার বিচার অত্যন্ত স্বচ্ছতার সঙ্গে চলছে। তিনি বলেন, "বাংলাদেশের বিচার বিভাগ অত্যন্ত স্বচ্ছ। অত্যন্ত স্বচ্ছভাবে অধ্যাপক ইউনূসের বিরুদ্ধে বিচার চলছে।" তিনি আরও বলেন, "তাঁর জামিন পাওয়ার বিষয়টিই প্রমাণ করে বিচার অত্যন্ত স্বচ্ছভাবে চলছে।" হাছান মাহমুদ বলেন, ড. ইউনূসের সংগঠনের বঞ্চিত কর্মীরা তাঁর বিরুদ্ধে মামলাগুলো দায়ের করেছে, সরকার এতে কোনো পক্ষ নয়। (ভোয়া ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### চাঁদাবাজ মজুতদারদের কোনো ছাড় নয়, প্রশাসনকে সতর্ক থাকার নির্দেশ আইজিপি

চাঁদাবাজ মজুতদারদের কোনো ছাড় নয়, প্রশাসনকে সতর্ক থাকার নির্দেশ দিলেন বাংলাদেশের আইজিপি। এ সম্পর্কে বিস্তারিত ঢাকা থেকে আমাদের সংবাদদাতার প্রতিবেদনে :

চাঁদাবাজদের বিরুদ্ধে হুঁশিয়ারি উচ্চারণ করে পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুন বলেছেন, পণ্য পরিবহনসহ কোনো সেক্টরে কোনো ধরনের চাঁদাবাজি বরদাশত করা হবে না। সব ধরনের চাঁদাবাজির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। আজ (মঙ্গলবার) সকালে পুলিশ হেডকোয়ার্টার্সে পবিত্র রমজান ও আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে সার্বিক আইন-শৃঙ্খলা, নিরাপত্তা এবং ট্র্যাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত সভায় তিনি এ কথা বলেন।

আইজিপি দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের জন্য মাঠ পর্যায়ের পুলিশ কর্মকর্তাদের নির্দেশ দেন। এক্ষেত্রে তিনি বাজার মনিটরিং এবং পণ্যবাহী যানবাহনের নির্বিঘ্ন চলাচলের ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, রমজান ও ঈদকে সামনে রেখে কোনো ইস্যু তৈরি করে কেউ যেন আইনশৃঙ্খলার অবনতি ঘটাতে না পারে, সেজন্য সবাইকে সতর্ক থাকতে হবে। আইজিপি আরও বলেন, কোনো স্বার্থান্বেষী মহল সাইবার ওয়ার্ল্ডে গুজব ও অপপ্রচারের মাধ্যমে যাতে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট বা অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটাতে না পারে, সেজন্য কর্মকর্তাদের তৎপর থাকতে হবে। পবিত্র ঈদুল ফিতরে ঘরমুখো মানুষের যাতায়াত নির্বিঘ্ন করার লক্ষ্যে এখন থেকেই প্রস্তুতি গ্রহণের জন্য হাইওয়ে পুলিশ, জেলা পুলিশসহ সংশ্লিষ্ট সব পুলিশ ইউনিটকে নির্দেশনা প্রদান করেন পুলিশ প্রধান। বাসের ছাদে বা ট্রাকে যাতে যাত্রী পরিবহন করতে না পারে, সেজন্য হাইওয়ে পুলিশকে ব্যবস্থা গ্রহণেরও নির্দেশ দেন তিনি। আইজিপি বলেন, রমজানে নিয়মিত দায়িত্ব পালনের পাশাপাশি ইফতার, তারাবিহ এবং সেহরির সময় বিশেষভাবে সতর্ক ও সজাগ থেকে দায়িত্ব হবে সবাইকেই। (রেডিও তেহরান : ২০৩০ ঘ.১২.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## ভারত মহাসাগরে জলদস্যুর কবলে বাংলাদেশি জাহাজ 'এমভি আবদুল্লাহ'

ভারত মহাসাগরে জলদস্যুদের কবলে পড়েছে বাংলাদেশের পতাকাবাহী একটি জাহাজ 'এমভি আবদুল্লাহ'। আফ্রিকার দেশ মোজাম্বিক থেকে কয়লা নিয়ে সংযুক্ত আরব আমিরাতে যাওয়ার পথে জাহাজটি দখল করে নিয়েছে জলদস্যুরা। তবে, জাহাজের ২৩ জন নাবিক নিরাপদে আছেন।কেএসআরএম গ্রুপের মালিকানাধীন এসআর শিপিংয়ের জাহাজটি নৌপথে পণ্য পরিবহন করে। জাহাজের ক্যাপ্টেনের নাম আবদুর রশিদ। এসআর শিপিংয়ের সিইও মোহাম্মদ মেহেরুল করিম গণমাধ্যমকে জানিয়েছেন, আজ (মঙ্গলবার) দুপুর দেড়টার দিকে জাহাজ থেকে তাদের বার্তা পাঠানো হয়। জলদস্যুরা জাহাজ দখল করে নিয়েছে। আমাদের নাবিকরা আটকা পড়েছেন। আমরা বিস্তারিত জানার চেষ্টা করছি।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ.১২.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## কোনো আশ্বাসেই কাজ হলো না, রমজানের প্রথম দিনেই নিত্যপণ্যের বাজার অস্থির

বাংলাদেশে প্রথম দিনেই নিত্যপণ্যের বাজার অস্থির। গত রমজানের তুলনায় এ বছর রমজানে নিত্য প্রয়োজনীয় ৮টি পণ্যের দাম ৪ থেকে ১৫০ শতাংশ পর্যন্ত বেড়েছে। রমজানের নিত্যপণ্যের বাজার পরিস্থিতি সম্পর্কে প্রতিবেদন পাঠিয়েছেন আমাদের ঢাকার বিশেষ সংবাদদাতা :

বাংলাদেশে রমজানের শুরুতেই নিত্যপণ্যের দাম বাড়ায় নাকাল ভোক্তারা। গত রমজানের তুলনায় এ বছর রমজানে নিত্য প্রয়োজনীয় ৮টি পণ্য যেমন- পেঁয়াজ, ছোলা, চিনি, ডাল, খেজুর, গরুর মাংস, রসুন এবং আলুর দাম ৪ থেকে ১৫০ শতাংশ পর্যন্ত বেড়েছে। ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবির) মাধ্যমে সারাদেশের এক কোটি পরিবারের মধ্যে ভর্তুকি মূল্যে তেল, চিনি, ডালের মত পণ্য বিক্রয় কার্যক্রম চলছে। মনিটরিংয়ের জন্য চাঁদাবাজি বন্ধের ঘোষণা, ট্যাক্স ছাড় দিয়ে চিনি, খেজুর আমদানির সুযোগ, স্বল্প মূল্যে মাংস, দুধ ডিম, মাছ বিক্রির উদ্যোগ থাকার পরও বড় একটি ভোক্তা শ্রেণিকে এসব নিত্যপণ্যের জন্য গুনতে হচ্ছে বাড়তি টাকা। এর বাইরে ডিম, তেল, ব্রয়লার মুরগির দামও এখন বেশ চড়া, যেগুলোর ওপর মানুষের নির্ভরতাও অনেক বেশি। রমজান শুরুর মাত্র দুইদিন আগেও রোববার যে পেঁয়াজ ছিলো ৯০ টাকা কেজি দরে, তা আজ বেড়ে দাঁড়িয়েছে ১০০ থেকে ১১০ টাকায়। ছোলা, ডাল, আদা, রসুন, মুরগিসহ নানান পদের কেনাকাটায়ও বেড়েছে দাম। রমজান ঘনিয়ে আসায় সীমিত আয়ের লোকেদের দৈনন্দিনের বাজার খরচ মেটানোর সংগ্রাম আরো কঠিন হয়ে উঠেছে। জনৈক ব্যক্তি(এক)(স্বকণ্ঠে) : লেবুর দাম অত্যাধিক বেশি ৫০-৬০ টাকা হালি আর একদম ছোট যেগুলো সেগুলো ২০-৩০ টাকা হালি। জনৈক ব্যক্তি(দুই)(স্বকণ্ঠে) : যে খেজুরের দাম ৩০০ টাকা কেজি, সেগুলো এখন রাখছে ৬৬০-৭০০ টাকা কেজি। তারপর চালের বাজারও একই অবস্থা।

এদিকে, রোজা শুরুর সঙ্গে সঙ্গেই লেবু ও শসার দামেও যেন আগুন লেগেছে। সপ্তাহ ভেদে প্রতি কেজি শসার দাম বেড়েছে ৫০ থেকে ৬০ টাকা। অন্যদিকে, প্রতি হালি লেবুর দাম বেড়েছে ২০ থেকে ৩০ টাকা। টিসিবির বাজার বিশ্লেষণে ঢাকার খুচরা ও পাইকারি বাজারের তথ্য বলছে– পেঁয়াজ, ছোলা, চিনি, মশুর ডাল, খেজুর ও গরুর মাংসের দাম গত রোজার তুলনায় অনেক বেশি বেড়েছে। এরমধ্যে পেঁয়াজ কিনতে ১৫০% বেশি দামে। জনৈক ব্যক্তি (এক)(স্বকণ্ঠে) : মাল না আসায় দেশি মুরগির দামটা একটু বাড়তি। আর সোনালি মুরগি গতকালকের চেয়ে আজকে আরো দশ টাকা বেশি। জনৈক ব্যক্তি (দুই)(স্বকণ্ঠে) : ভারতে এগুলোর কারসাজি হচ্ছে, যেরকম খুশি আমাদের কাছে দাম হাতায় নিচ্ছে। এর বাইরে গত বছরের রোজা শুরু হওয়ার আগের দিনে ব্রয়লার মুরগির দাম ছিল ২৩০-২৫০ টাকার মধ্যে। ৭-১০ দিন আগেও যে ব্রয়লার মুরগির দাম ছিল ২১০ টাকার মধ্যে, সেটি এখন বিক্রি হচ্ছে ২৩০ টাকার বেশি। ব্রয়লার মুরগির এক হালি ডিমের দাম একই সময়ের ব্যবধানে ৪৭ টাকা থেকে কমে ৪৫ টাকায় বিক্রি হচ্ছে। অঙ্কের হিসেবে কম মনে হলেও প্রকৃত চিত্র বলছে দাম চড়া।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ.১২.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# এনএইচকে

## গাজার জনগণের রমজান পালনের মাঝে ইসরাইলি বিমান হামলা অব্যাহত

সোমবার থেকে মুসলিমদের পবিত্র মাস রমজান শুরু হলেও গাজা উপত্যকায় তীব্র হামলা চালিয়ে যাচ্ছে ইসরায়েলি সামরিক বাহিনী। অ্যাসোসিয়েটেড প্রেসের তোলা ভিডিওচিত্রে দেখা যাচ্ছে যে ফিলিস্তিনিরা দক্ষিণ গাজার রাফাহতে বিধ্বস্ত মসজিদের অবশিষ্টাংশের মধ্যে প্রার্থনা করছেন। সম্প্রতি ইসরায়েলি বিমান হামলায় মসজিদগুলো ধ্বংস হয়ে যায়। এছাড়াও সোমবার, ইসরায়েলি সামরিক মুখপাত্র ড্যানিয়েল হাগারি বলেন যে দেশটির সামরিক বাহিনী মধ্য গাজা এলাকার নুসিরাতে এক ভূগর্ভস্থ চত্বরে একটি বিমান হামলা চালায়। তিনি বলেন, লক্ষ্য ধরা চত্বরটি হামাসের সদস্যরা ব্যবহার করেছেন, যাদের মধ্যে গোষ্ঠীর উপ-সামরিক নেতা মারওয়ান ইসা এবং গাজায় অস্ত্রের দায়িত্বপ্রাপ্ত আরেকজন কমান্ডার অন্তর্ভুক্ত রয়েছেন। তিনি আরও বলেন, এই হামলায় ইসা নিহত হয়েছেন কিনা তা নিশ্চিত করার চেষ্টা করছে সামরিক বাহিনী। গাজার স্বাস্থ্য কর্তৃপক্ষ সোমবার জানায় যে গত ২৪ ঘন্টায় কমপক্ষে ৬৭ জন নিহত এবং ১০৬ জন আহত হয়েছেন। (এনএইচকে ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### বারবার প্রশ্নবিদ্ধ সুপ্রিম কোর্ট বারের নির্বাচন!

সুপ্রিম কোর্ট বারের নির্বাচন বারবার প্রশ্নবিদ্ধ হচ্ছে। এবারও নির্বাচন ঘিরে মারামারি হয়েছে। আগের বছরও নির্বাচন ঘিরে মারামারির ঘটনা ঘটেছে। এবার মামলা হয়েছে, গ্রেফতার হয়েছেন একজন সম্পাদক প্রার্থীসহ ছয়জন। পুলিশ তাদের রিমান্ডেও নিয়েছে। কেনো এই পরিস্থিতি? মাত্র আট হাজার আইনজীবীর এই নির্বাচন কেনো সুষ্ঠু করা যাচ্ছে না? সংকট কোথায়? জানতে চাইলে সিনিয়র আইনজীবী জেড আই খান পান্না ডয়চে ভেলেকে বলেন, "পেশাজীবীদের এই সংগঠনগুলো আগে জাতির বিবেক হিসেবে কাজ করত। এখন তারা দলীয় লেজুড়বৃত্তি করে। আগে বারের সভাপতি বা সম্পাদকের সঙ্গে দেখা করার জন্য একজন জাতীয় পর্যায়ের নেতারও কয়েকদিন আগে থেকে সময় নিতে হতো। সেখানে এখন বারের নেতারাই ছোট একজন নেতার পেছনে ঘুরেন। দল যেভাবে চায় বার সেভাবে পরিচালিত হচ্ছে। দলীয় ইচ্ছায় এখন বারের ইচ্ছায় পরিণত হয়েছে। নিজেদের কোনো স্বকীয়তা নেই। আইনজীবীরা আগেও রাজনীতি করতেন, এখনো করেন। কিন্তু বার সব সময় রাজনীতির ঊর্ধ্বে থেকেছে।"

প্রধান বিচারপতি বা এটর্নি জেনারেলের দপ্তর কী কোনো ভূমিকা রাখতে পারে? জানতে চাইলে জনাব পান্না বলেন, "এটর্নি জেনারেলের দপ্তর কী ভূমিকা রাখবে। একজন সহকারী এটর্নি জেনারেল নিয়োগের বা বাদ দেওয়ার ক্ষমতা কী তাদের আছে। এটা মন্ত্রণালয় সিদ্ধান্ত দেয়। আমার বন্ধু প্রয়াত মাহবুবে আলম যখন এটর্নি জেনারেল ছিলেন তিনি আমাকে বলেছিলেন, তাদের কোনো মতামত নেওয়া হয় না। অথচ জানতে চাইলে তাকে বলতে হয়, আমার মতামতেই এটা হয়েছে। আমি একবার এটা নিয়ে রিট করার কথা তাকে বলেছিলাম। কিন্তু তিনি নিষেধ করেছিলেন। কারণ আমি রিট করলে তার উপর চাপ বাড়বে। এই যখন পরিস্থিতি তাহলে কী আশা করেন। পচনের শেষ পর্যায়ে গিয়ে হয়ত এক সময় পরিবর্তন হবে। আর প্রধান বিচারপতি নিয়ে আমি কোন মন্তব্য করব না।"

আইনজীবীদের সঙ্গে কথা বলে জানা গেছে, সুপ্রিম কোর্ট বারের নির্বাচনে ভোটগ্রহণ ঠিকঠাকই হয়েছে। তবে ভোট গণনাকে কেন্দ্র করে হট্টগোল ও মারামারির ঘটনা ঘটেছে। ভোট গণনা রাতে না দিনে করা হবে এ নিয়ে প্রতিদ্বন্দ্বী সম্পাদক দুই প্রার্থীর সমর্থকদের মধ্যে হট্টগোলের এক পর্যায়ে মারামারির ঘটনা ঘটে। মারধরের ঘটনায় বহিরাগতরা অংশ নেন। পরে পুলিশ এসে ব্যালট পেপার ভর্তি পাঁচটি ট্রাংক নিজেদের হেফাজতে নেয়। শেষ পর্যন্ত নির্বাচনে সভাপতি নির্বাচিত হয়েছেন বিএনপি নেতৃত্বাধীন জাতীয়তাবাদী আইনজীবী ঐক্য প্যানেলের (নীল প্যানেল) ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন। সম্পাদক হয়েছেন আওয়ামী লীগ নেতৃত্বাধীন বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের (সাদা প্যানেল) প্রার্থী শাহ মঞ্জুরুল হক। সমিতির পরিচালনা পর্ষদের ১৪টি পদের মধ্যে সভাপতি এবং তিনটি সদস্য পদে নীল প্যানেলের জয় হয়েছে। আর সাদা প্যানেল পেয়েছে সহ-সভাপতির দুটি, সম্পাদক, কোষাধ্যক্ষ, সহ-সম্পাদকের দুটি, এবং কার্যনির্বাহী সদস্যের চারটিসহ ১০টি পদ।

ভোটগ্রহণ শেষে অধিকাংশ প্রার্থী পরের দিন ভোট গণনার অনুরোধ করেন। কিন্তু সম্পাদক পদে স্বতন্ত্র প্রার্থী নাহিদ সুলতানা যুথী রাতেই ভোট গণনা করতে বলেন। এক পর্যায়ে তিনি বেশকিছু বহিরাগতকে ডেকে আনেন। বহিরাগতদের অধিকাংশ যুবলীগের নেতা ও কর্মী। নাহিদ সুলতানা যুথীর স্বামী যুবলীগের চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ। যুবলীগ কর্মীরাই হট্টগোল শুরু করেন। এক পর্যায়ে অন্য প্রার্থীরা চলে গেলে যুথীকে সম্পাদক বিজয়ী ঘোষণা করতে বাধ্য করা হয় নির্বাচন পরিচালনা সাব-কমিটির আহ্বায়ক অ্যাডভোকেট আবুল খায়েরকে। তবে সভাপতি, সহ-সভাপতিসহ অন্য ১৩ পদের কোনোটিরই ফল ঘোষণা করেনি সাব-কমিটি। জানতে চাইলে বারের নবনির্বাচিত সম্পাদক শাহ মঞ্জুরুল হক ডয়চে ভেলেকে বলেন, "ভোটগ্রহণ শেষে ব্যালট পেপারগুলো সর্টিংয়ের সময়ও ধারণা পাওয়া যায়, সভাপতি বা সম্পাদক কারা হচ্ছেন। সর্টিং শেষে আমরা পরের দিন গণনার কথা বলেছিলাম। কিন্তু সম্পাদক পদে একজন স্বতন্ত্র প্রার্থী ও একটি প্যানেলের প্রার্থী হট্টগোল শুরু করেন। তখনই এই ঘটনার সূত্রপাত। তারা তো সাব-কমিটিকে দিয়ে জোর করেই রেজাল্ট ঘোষণা করায়। পরে সবার উপস্থিতিতে যখন গণনা হয়, তখন সঠিক ফলাফল পাওয়া যায়।" বারবার কেনো বারের নির্বাচনে এই পরিস্থিতি হচ্ছে? জানতে চাইলে তিনি বলেন, "এবার আমরা চেয়েছিলাম, নির্বাচনটা সুষ্ঠু করতে। সব ব্যবস্থাই নেওয়া হয়েছিল। ভোটও ঠিকঠাক হয়েছে। গণনাও ঠিকঠাক হয়েছে। মধ্যে গণনার সময় নিয়ে কিছু মানুষ এটা বিতর্কিত করার চেষ্টা করেছেন। এখন আমরা সরকার সমর্থিত হওয়ায় সব দায় আমাদের উপর পড়ে। অথচ আমরা চেষ্টা করেছি, নির্বাচনটা যেন সুষ্ঠু ও সুন্দরভাবে হয়।"

নির্বাচনে ভোট গণনা নিয়ে হট্টগোল ও হাতাহাতির ঘটনায় নির্বাচন সাব-কমিটির কো-অপ্ট সদস্য সহকারী অ্যাটর্নি জেনারেল মো. সাইফুর রহমান সিদ্দিকী সাইফ শুক্রবার রাতে একটি মামলা দায়ের করেন। মামলায় এক নম্বর আসামি করা হয়েছে নাহিদ সুলতানা যুথীকে। আর দুই নম্বর আসামি বিএনপি-জামায়াতপন্থী নীল প্যানেলের সাধারণ সম্পাদক প্রার্থী ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল। মামলায় এজাহারভুক্ত অন্য ১৮ জন আসামি হলেন অ্যাডভোকেট মো. জাকির হোসেন ওরফে মাসুদ, অ্যাডভোকেট শাকিলা রৌশন, অ্যাডভোকেট কাজী বশির আহম্মেদ, ব্যারিস্টার উসমান, অ্যাডভোকেট আরিফ, অ্যাডভোকেট সুমন, অ্যাডভোকেট তুষার, রবিউল, ব্যারিস্টার চৌধুরী মৌসুমী ফাতেমা কবিতা, সাইদুর রহমান জুয়েল, অলিউর, যুবলীগ নেতা জয়দেব নন্দী, মাইন উদ্দিন রানা, মশিউর রহমান সুমন, কামাল হোসেন, আসলাম রাইয়ান, অ্যাডভোকেট তরিকুল ও অ্যাডভোকেট সোহাগ। এছাড়া অজ্ঞাতপরিচয় আরো ৩০ থেকে

৪০ জনকে মামলায় আসামি করা হয়েছে। এজাহারভুক্ত আসামিদের মধ্যে ব্যারিস্টার কাজলসহ ছয়জনকে গ্রেফতার করেছে পুলিশ। অন্যরা হলেন- কাজী বশির আহমেদ, তুষার, তরিকুল, এনামুল হক সুমন ও উসমান চৌধুরী। গ্রেফতার সবাই এজাহারভুক্ত আসামি। গ্রেফতার আসামিদের মধ্যে কাজলকে চারদিনের এবং অন্য পাঁচজনের তিনদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

মামলায় অভিযোগ করা হয়, এক নম্বর আসামির নির্দেশে এবং প্রত্যক্ষ নেতৃত্বে সুপ্রিম কোর্ট বার সমিতির নিচ তলার শহীদ শফিউর রহমান মিলনায়তনে অস্ত্র হাতে ঢুকে বাদীসহ নির্বাচন সাব-কমিটির অন্য সদস্যদের গালিগালাজ করেন আসামিরা। দুই আসামি লোহার রড দিয়ে হত্যার উদ্দেশ্যে মাথায় আঘাত করতে গেলে বাদী বাধা দেন। এতে তার বাম কানের উপরে মাথার অংশে মারাত্মক জখম হন। অন্য আসামিরা লাঠি ও চেয়ার দিয়ে এলোপাতাড়ি মারধর এবং লাথি দিয়ে বাদীর শরীরের জখম করেন। তার পরনের কাপড়ও ছিঁড়ে ফেলা হয়। মামলায় আরও বলা হয়, বাদীর সঙ্গে থাকা ব্যারিস্টার জাকারিয়া হাবিবকে মারধর করেন আসামিরা। লাঠির আঘাতে জাকারিয়ার ডান হাতের আঙুল ভেঙে যায়। টানাটানিতে তার পরনের কাপড় ছিঁড়ে যায়। আসামিরা তার মোবাইল ফোন নিয়ে যান। তারা অ্যাডভোকেট রিনা বেগমকে চড়-থাপ্পর ও হুমকি দেন। গলা চেপে শ্বাসরোধে হত্যার চেষ্টা করেন। অজ্ঞাত অন্য আসামিরা অডিটোরিয়ামের ভেতরে ভাঙচুর ও অরাজকতা সৃষ্টি করেন। এর ফলে নির্বাচনি দায়িত্বরত সদস্যদের মধ্যে আতঙ্ক সৃষ্টি হয়। নির্বাচনি কার্যক্রম ভণ্ডুল হয়ে যায়। এজাহারে বলা হয়, নির্বাচন সাব-কমিটির প্রধান অ্যাডভোকেট আবুল খায়েরকে অস্ত্রের মুখে ভোট গণনা ছাড়াই সম্পাদক হিসেবে নিজেকে নির্বাচিত ঘোষণা করতে বাধ্য করেন এক নম্বর আসামি। নির্বাচন সাব-কমিটির সদস্যরা জীবন বাঁচাতে ভোট গণনার কাজ না করেই চলে যেতে বাধ্য হন। সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সিসি ক্যামেরার ভিডিওতে ঘটনার সবকিছু ধারণ করা আছে।

শাহবাগ থানায় মামলাটি দায়ের হওয়ার পর তদন্তের জন্য ডিবিতে স্থানান্তর করা হয়। ডিবি প্রধান অতিরিক্ত কমিশনার হারুন অর রশীদ ডয়চে ভেলেকে বলেন, "আমরা মামলাটির তদন্ত বুঝে পেয়েছি। রিমান্ডে থাকা আসামিদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। তারা গোলমালের কথা স্বীকার করেছেন। গুরুত্বের সঙ্গে আমরা বিষয়টি দেখছি।" প্রধান আসামিকে গ্রেফতারে পুলিশ কোনো উদ্যোগ নিয়েছে কিনা? জানতে চাইলে ডিবি প্রধান বলেন, "শুধু প্রধান আসামি নয়, সব আসামিকেই আমরা গ্রেফতারের চেষ্টা করছি। তাদের গ্রেফতারে বেশ কয়েকটি অভিযান চালানো হয়েছে। ডিবির একাধিক টিম আসামিদের গ্রেফতারে চেষ্টা চালিয়ে যাচ্ছে।" মামলার এক নম্বর আসামি নাহিদ সুলতানা যুথীর মোবাইল ফোন নম্বরটি চালু আছে। তবে কয়েকবার ফোন করার পরও তিনি রিসিভ করেননি। জানতে চাইলে বিএনপির আইন বিষয়ক সম্পাদক ও জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সাধারণ সম্পাদক ব্যারিস্টার কায়সার কামাল ডয়চে ভেলেকে বলেন, "সারা দেশটা যেভাবে চলছে, এখানের নির্বাচনও সেভাবে হয়েছে। একজন সম্পাদক প্রার্থীকে গ্রেফতার করে রিমান্ডে নিয়ে তারপর ফলাফল গণনা শুরু হয়। এটা সারা বিশ্বে কোথাও দেখা যাবে না। ফ্যাসিস্ট সরকার সুপ্রিম কোর্ট বারকেও ছাড়েনি।"

পুরোটা সরকারের সাজানো হলে সভাপতি পদে আপনাদের প্রার্থী জিতল কীভাবে? জানতে চাইলে তিনি বলেন, "এটাও সাজানো। সভাপতি পদে যিনি জিতেছেন তিনি তো নিজেই বলেছেন, এই নির্বাচন সুষ্ঠু হয়নি। তিনি পুনরায় ভোট গ্রহণের কথা বলেছেন। আসলে তারা নিজেরা গোলমাল করে বারের তিনবারের নির্বাচিত সম্পাদককে গ্রেফতার করে রিমান্ডে নিয়েছে।" নির্বাচনকে কেন্দ্র করে শুক্রবারের সহিংসতার ঘটনার পরে আইন মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে মো. জাকির হোসেন, কাজী বশির আহমেদ ও শামা আক্তার এই তিন সহকারী এটর্নি জেনারেলকে অব্যাহতি দেওয়া হয়। আইন ও বিচার বিভাগের সলিসিটর রুনা নাহিদ আক্তারের সই করা প্রজ্ঞাপনে এ কথা জানানো হলেও তাদের অব্যাহতির কারণ উল্লেখ করা হয়নি।

প্রসঙ্গত, সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির ২০২৪-২৫ সালের নির্বাচনের ভোটগ্রহণ হয় বুধ ও বৃহস্পতিবার। ৭ হাজার ৮৮৩ জন আইনজীবীর মধ্যে ৫ হাজার ৩১৯ আইনজীবী ভোট দেন। পরে শনিবার ভোট গণনা করে ফলাফল ঘোষণা করা হয়। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ নারগীস)

## হাইকোর্টের আদেশ স্থগিত, রোজায় স্কুল খোলা

মাধ্যমিক বিদ্যালয় রোজার প্রথম ১৫ দিন ও প্রাথমিক বিদ্যালয় প্রথম ১০ দিন খোলার রাখার সরকারি সিদ্ধান্ত বহাল রাখছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। পুরো রমজান মাস জুড়ে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় বন্ধ রাখার জন্য দেয়া হাইকোর্টের আদেশ স্থগিত করেছে আপিল বিভাগ। মঙ্গলবার (১২ মার্চ) প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন পাঁচ সদস্যের আপিল বিভাগ এ আদেশ দেয়। এর ফলে রমজানে বিদ্যালয় খোলা রাখার সরকারি সিদ্ধান্ত বহাল থাকছে। বেঞ্চে আরও ছিলেন, বিচারপতি এম ইনায়েতুর রহিম, বিচারপতি মো. আশফাকুল ইসলাম, বিচারপতি মো. আবু জাফর সিদ্দিকী ও বিচারপতি জাহাঙ্গীর হোসেন সেলিম। রাষ্ট্রপক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন এবং রিট আবেদনের পক্ষে যুক্তি উপস্থাপন করেন জ্যেষ্ঠ আইনজীবী এ কে এম ফয়েজ।

এর আগে হাইকোর্টের আদেশ স্থগিত চেয়ে রাষ্ট্রপক্ষ আপিল বিভাগে আবেদন করে, যা সোমবার (১০ মার্চ) চেম্বার আদালতে শুনানির জন্য ওঠে। চেম্বার জজ রাষ্ট্রপক্ষের আবেদনটি আজ বেলা সাড়ে ১১টায় আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানির জন্য পাঠান। সে অনুসারে আবেদনের ওপর মঙ্গলবার (১২ মার্চ) শুনানি হয়। অপরদিকে, শিক্ষা

মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আবুল খায়েরের সই করা এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ১১ মার্চ থেকে ২৫ মার্চ পর্যন্ত মোট ১৫ দিন সরকারি-বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রম চালু থাকবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ নারগীস)

## রেডিও টুডে

### রাবির সহযোগী অধ্যাপক হাফিজুরকে ৫ বছরের জন্য একাডেমিক কার্যক্রম থেকে অব্যাহতি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. হাফিজুর রহমানকে আগামী পাঁচ বছরের জন্য একাডেমিক কার্যক্রম থেকে অব্যাহতি দেয়া হয়েছে। হিজাব নেকাব পরায় ছাত্রীদের কটাক্ষ ও হেনস্থা করা এবং মেসেঞ্জারে আপত্তিকর মেসেজ পাঠানোর অপরাধে তার বিরুদ্ধে এই ব্যবস্থা নেয়া হয়েছে। মঙ্গলবার বিকেলে বিশ্ববিদ্যালয়টির ইসলামিক স্টাডিজ বিভাগের সভাপতি অধ্যাপক মো. আশরাফুজ্জামান বিষয়টি সংবাদমাধ্যমকে নিশ্চিত করেছেন। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১২.০৩.২০২৪ আসাদ)

### বাকৃবিতে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে ৮ জন আহত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হলের সীমানা দখল কে কেন্দ্র করে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। মঙ্গলবার বিকাল সাড়ে তিনটা থেকে সন্ধ্যা পর্যন্ত দফায় দফায় এই সংঘর্ষ চলে। এক পর্যায়ে বিভিন্ন হাল থেকে স্ট্যাম্প, ব্যাট, সাইকেলের চেইন, লাঠি সোটা এবং দেশীয় অস্ত্র হাতে ঘটনাস্থলে জড় হতে দেখা যায় ছাত্রলীগের নেতাকর্মীদের। এই ঘটনায় আট জন আহত হয়েছেন বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়টির হেলথকেয়ারের ডেপুটি চিফ মেডিকেল অফিসার ডা. মো. সাদিকুল ইসলাম খান। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১২.০৩.২০২৪ আসাদ)

### চলতি অর্থবছরের জন্য সংশোধিত এডিপির আকার ২ লাখ ৪৫ হাজার কোটি টাকা অনুমোদন

জাতীয় অর্থনৈতিক পরিষদ এনইসির সভায় চলতি অর্থবছরের জন্য সংশোধিত এডিপির আকার ২ লাখ ৪৫ হাজার কোটি টাকা অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মঙ্গলবার সকালে শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কেন্দ্রে জাতীয় অর্থনৈতিক পরিষদের সভা অনুষ্ঠানে এই অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী। সভায় চলতি অর্থবছরের চলমান ৩৩০টি প্রকল্পের কাজ শেষ করার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সভায় প্রকল্প গুলোর বৈদেশিক ঋণসহ সব অর্থায়ন বরাদ্দ নিশ্চিত করা হয়েছে এবং প্রকল্প পরিচালকদের সক্ষমতা বাড়ানোর ও নির্দেশ দেয়া হয়েছে। বৈঠক শেষে পরিকল্পনা মন্ত্রী জানান উন্নয়নমূলক কাজে অনিশ্চয়তা একটি বড় বাধা। দেশের স্থিতিশীলতা বাড়ায় দেশের অর্থনৈতিক ভিত শক্ত হচ্ছে বলেও জানান পরিকল্পনা মন্ত্রী।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১২.০৩.২০২৪ আসাদ)

### বিএনপি রমজানে রাজনৈতিক কর্মসূচি পালন ও অব্যাহত রাখলে জনগণের ভোগান্তি বাড়বে : কাদের

রমজান মাসে কর্মসূচি চলমান রাখার ঘোষণার মধ্য দিয়ে বিএনপির জনগণের ধর্মীয় মূল্যবোধ ও অনুভূতির বিপক্ষে দাঁড়িয়েছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেছেন তাদের এই কর্মসূচি রমজানের মধ্যে জন ভোগান্তি সৃষ্টি করবে। মঙ্গলবার আওয়ামী লীগের দপ্তর সম্পাদক বিপ্লব বড়ুয়া স্বাক্ষরিত এক বিবৃতিতে এসব কথা বলেন ওবায়দুল কাদের। বিবৃতিতে রমজান সংযমের মাস উল্লেখ করে কাদের বলেন এ মাসেও বিএনপির নেতারা তাদের রাজনৈতিক কর্মসূচি চলমান রাখার কথা বলেছে। তারা দেশের জনগণকে কোনভাবে স্বস্তিতে থাকতে দিতে চায় না। আমরা আগেই বলেছি রমজানে ঘোষিত কর্মসূচির মধ্য দিয়ে বিএনপি আরো জনবিচ্ছিন্ন হয়ে পড়বে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১২.০৩.২০২৪ আসাদ)

### দেশে ঢুকে পড়া মিয়ানমারের বিজিপি সদস্যদেরকে আলোচনা করে ফেরত পাঠানো হবে : পররাষ্ট্রমন্ত্রী

মিয়ানমারের অভ্যন্তরীণ সংঘাতে আবারো বাংলাদেশে ঢুকে পড়া দেশটির বর্ডার গার্ড পুলিশ বিজিপি সহ ১৭৭ সদস্যকে আগের মতো আলোচনা করে ফেরত পাঠানো হবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। মঙ্গলবার দুপুরে তার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত মালয়েশিয়ান হাইকমিশনার হাজনা মোঃ হাসিম। এরপর সাংবাদিকদের এ কথা জানান তিনি। পররাষ্ট্রমন্ত্রীর জানালার মিয়ানমারের বিজিপি সদস্যদের পাশাপাশি কয়েকজন সাধারণ নাগরিক ও বাংলাদেশের সর্বশেষ চেষ্টা করেছিল তাদের ফেরত পাঠানো হয়েছে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১২.০৩.২০২৪ আসাদ)

### যুবলীগ চেয়ারম্যানের স্ত্রীকে গ্রেপ্তার তো দূরের কথা তার নাম মুখে আনতেও ভয় পাচ্ছে পুলিশ : রিজভী

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন দেশের সর্বোচ্চ বিচারাঙ্গনের আইনজীবীদের মর্যাদাও ধুলায় মিশিয়ে দিয়েছে সরকার। বলেন সুপ্রিম কোর্ট বার নির্বাচনে নিজেদের প্রার্থীদের জেতাতে ভয়াবহ তান্ডব ও ভোট জালিয়াতি করেছে আওয়ামী লীগ। মঙ্গলবার দুপুরে নয়া পল্টনে সংবাদ সম্মেলনে এই অভিযোগ করেন তিনি। রিজভী বলেন বিএনপি সমর্থিত প্যানেলের সাধারণ সম্পাদক প্রার্থী রুহুল কুদ্দুস কাজলকে গ্রেপ্তার করলেও একই মামলার এক নম্বর আসামি যুবলীগ চেয়ারম্যানের স্ত্রী নাহিদ সুলতানা যুথিকে গ্রেপ্তার করা তো দূরে থাক তার নামও মুখে নিতে ভয় পাচ্ছে পুলিশ। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১২.০৩.২০২৪ আসাদ)

## বিগত তিনটি জাতীয় সংসদ নির্বাচনই ছিল ভুয়া ও জালিয়াতি : মঈন খান

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান বলেছেন বিএনপি কোন মধ্যবর্তী নির্বাচনের দাবি করেনি, বিএনপি নির্দলীয় সরকারের অধীনে সুষ্ঠ নির্বাচনের দাবি করেছে। সরকার জানে তাদের পায়ের নিচে মাটি নেই। বিগত তিনটি নির্বাচনী ভুয়া ও জালিয়াতির ছিল বলে মন্তব্য করেন তিনি। মঙ্গলবার সদ্য মুক্তি পাওয়া যুবদলের সাধারণ সম্পাদক মুনায়েম মুন্নার খোঁজ খবর নিতে তার বাসায় শুভেচ্ছা বিনিময় শেষে মঈন খান এসব কথা বলেন।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১২.০৩.২০২৪ আসাদ)

## বাজারে নিত্য পণ্যের সরবরাহে কোন ঘাটতি নেই : বাণিজ্য প্রতিমন্ত্রী

দেশের বাজারে নিত্য পণ্যের সরবরাহে ঘাটতি নেই বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। দ্রব্যমূল্য সাধারণ মানুষের নাগালে রাখতে সর্বোচ্চ চেষ্টা করা হচ্ছে বলেও জানান তিনি। মঙ্গলবার অর্থনীতি সংক্রান্ত এক সভায় বাণিজ্য প্রতিমন্ত্রী জানান চালের বাজারে স্বস্তি আছে, ভারত থেকে দু এক দিনের মধ্যেই ৫০ হাজার টন পেঁয়াজ আসবে। চিনির ও পর্যাপ্ত মজুদ আছে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১২.০৩.২০২৪ আসাদ)

## সাধারণ মানের খেজুরের দাম নির্ধারণ করে দিয়েছে সরকার

তেল, চিনি, ডিম, আলুর পর এবার খেজুরের যৌক্তিক দাম নির্ধারণ করে দিয়েছে সরকার। প্রতি কেজি অতি সাধারণ ও নিম্নমানের খেজুরের যৌক্তিক দাম নির্ধারণ করা হয়েছে ১৫০ থেকে ১৬৫ টাকা। এবং বহুল ব্যবহৃত জাইদি খেজুরের দাম ১৭০ থেকে ১৮০ টাকা। মঙ্গলবার নির্ধারিত ঐ মূল্যের উপর ভিত্তি করে খুচরার দাম নির্ধারণ করে ব্যবসায়ীদের বিক্রির নির্দেশ দেয়া হয়েছে। এই আমদানি মূল্যের আলোকে খেজুরের অন্যান্য স্তরের খুচরা মূল্য নির্ধারণ করতে এই চিঠির মাধ্যমে সংশ্লিষ্টদের অনুরোধ করেছে বাণিজ্য মন্ত্রণালয়। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১২.০৩.২০২৪ আসাদ)

## ১২ মার্চ থেকে ৬ এপ্রিল পর্যন্ত বিকেল পাঁচটা থেকে রাত দশটা পর্যন্ত সিএনজি স্টেশনগুলো বন্ধ থাকবে

রোজার মাস উপলক্ষে ১২ মার্চ থেকে ৬ এপ্রিল পর্যন্ত বিকেল পাঁচটা থেকে রাত দশটা পর্যন্ত সিএনজি স্টেশন বন্ধ রাখার নির্দেশনা দেয়া হয়েছে মঙ্গলবার এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে বিদ্যুৎ ও জ্বালানি সম্পদ মন্ত্রণালয়। এছাড়া ঈদুল ফিতর উপলক্ষে আগামী ৭ থেকে ১৮ এপ্রিল পর্যন্ত সিএনজি স্টেশন সার্বক্ষণিক খোলা থাকবে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১২.০৩.২০২৪ আসাদ)

## হোটেল ও রেস্তোরাঁগুলোতে আইন অনুযায়ী অভিযান পরিচালনার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট

এলোমেলো অভিযান না করে হোটেল রেস্তোরাঁগুলোতে আইন অনুযায়ী অভিযান পরিচালনা করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। আর আইন অনুযায়ী যারা হোটেল ও রেস্তোরা পরিচালনা করছে অভিযানের নামে তাদেরকে হয়রানি করা কেন অবৈধ নয় তা জানতে চেয়ে রুলও জারি করা হয়েছে। হোটেল ও রেস্তোরায় হয়রানি মূলক অভিযান বন্ধ চেয়ে সোমবার হাইকোর্টে রিট করেন মালিকরা ওই রিটের প্রাথমিক সোনায় নিয়ে মঙ্গলবার হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চ এই রুল জারি করেন। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১২.০৩.২০২৪ আসাদ)

## ভারত মহাসাগরে জলদস্যুদের কবলে পড়েছে বাংলাদেশের পতাকাবাহী একটি জাহাজ

আফ্রিকার দেশ মোজাম্বিক থেকে কয়লা নিয়ে সংযুক্ত আরব আমিরাতে যাওয়ার পথে ভারত মহাসাগরে জলদস্যদের কবলে পড়েছে বাংলাদেশী পতাকাবাহী একটি জাহাজ। এমভি আব্দুল্লাহ নামের ওই জাহাজে ২৩জন বাংলাদেশি নাবিক ছিলেন। তারা সবাই জিম্মি দশায় পড়েছেন বলে জাহাজের মালিকপক্ষ জানিয়েছে। জাহাজটি এস আর শিপিং লাইনের মালিকানাধীন এটি কেএসআরএম গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান। আজ মঙ্গলবার প্রতিষ্ঠানটি জানতে পারে জাহাজটি জলদস্যুদের কবলে পড়েছে। নৌ পরিবহন অধিদপ্তর ওকেএসআরএম এর পক্ষ থেকে এই তথ্য নিশ্চিত করা হয়েছে। তবে এখন পর্যন্ত নাবিকরা সুস্থ আছেন বলে জানানো হয়েছে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১২.০৩.২০২৪ আসাদ)

## আবারও উত্তপ্ত মিয়ানমারের রাখাইন

আবারও উত্তপ্ত মিয়ানিমারের রাখাইন। বিদ্রোহীদের সঙ্গে সংঘর্ষে প্রাণে বাঁচতে দেশটির সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড বা বিজিপির আরো ১৭৯ জন সদস্য বাংলাদেশে প্রবেশ করেছেন। সোমবার সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিজিপির এই সদস্যরা বাংলাদেশে আশ্রয় নেন বলে গণমাধ্যমকে নিশ্চিত করেছেন বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবির জনসংযোগ কর্মকর্তা মোঃ শরিফুল ইসলাম। তিনি জানান মিয়ানমারের অভ্যন্তরে চলমান সংঘর্ষের জেরে নাইক্ষ্যংছড়ি সীমান্ত এলাকা দিয়ে তারা বাংলাদেশে আশ্রয় গ্রহণ করেছেন। সোমবার দুপুরে প্রথমে ২৯ জন বিজিবি সদস্য সীমান্ত অতিক্রম করে। পরে আরো শতাধিক সদস্য বাংলাদেশে আশ্রয় নেয়। এর আগে গত ফেব্রুয়ারিতে বিদ্রোহীদের আক্রমণে বাংলাদেশে আশ্রয় নেয় মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর সদস্যসহ ৩৩০ জন। পরে জাহাজে করে তাদের মিয়ানমারে ফিরিয়ে দেওয়া হয়। (রেডিও টুডে: ৮৪৫ ঘ. ১২.০৩.২০২৪ রুবাইয়া)

## দেশে পালিয়ে আসা মিয়ানমারের সদস্যদের দেখতে গিয়ে গুলিবিদ্ধ নাইক্ষ্যংছড়ি ১নং ওয়ার্ডের মেম্বর

বাংলাদেশে পালিয়ে আসা মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনীর সদস্যদের দেখতে গিয়ে গুলিবিদ্ধ হয়েছেন নাইক্ষ্যংছড়ি সদর ইউনিয়নের ১নং জামছড়ি ওয়ার্ডের মেম্বর সাবের আহমদ। স্থানীয়রা জানান সোমবার বিকেলে পালিয়ে আসা

বিজিপির সদস্যদের দেখতে সীমান্তবর্তী জামছড়ি এলাকায় উৎসুক জনতা ভিড় করেন। এসময় হঠাৎ মিয়ানমারের দিক থেকে ছোড়া একটি গুলি এসে লাগে মেম্বর সাবের আহমেদের কোমরের ডানপাশে।
(রেডিও টুডে: ৮৪৫ ঘ. ১২.০৩.২০২৪ রুবাইয়া)

**রাজধানী উত্তরায় ১১ নম্বর সেক্টরে লাগা আগুন নিয়ন্ত্রণে**

রাজধানী উত্তরায় ১১ নম্বর সেক্টরে জমজম টাওয়ারের পাশের কাঁচাবাজারে লাগা আগুন নিয়ন্ত্রণে এসেছে। সোমবার দিনগত রাত ২:৪৫ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনেন ফায়ার সার্ভিসের কর্মীরা। তবে তার আগে বেশ কিছু দোকান পুড়ে ছাই হয়ে যায়। ফায়ার সার্ভিসে ঢাকা স্টেশনের ডিউটি অফিসার রাকিবুল ইসলাম জানান রাত ২:০৫ মিনিটে ফায়ার সার্ভিস আগুন খবর পায়। এরপর ২:১০ মিনিটে ঘটনাস্থলে তাদের প্রথম ইউনিট যায়। আগুন নিয়ন্ত্রণে কাজ করে ফায়ার সার্ভিসের দশটি ইউনিট। (রেডিও টুডে: ৮৪৫ ঘ. ১২.০৩.২০২৪ রুবাইয়া)

**শুরু হলো বরকতের মাস মাহে রমজান**

শুরু হলো রহমত ও বরকতের মাস পবিত্র মাহে রমজান। সোমবার বাংলাদেশের আকাশে চাঁদ দেখার পর জাতীয় চাঁদ দেখা কমিটির সভা শেষে রোজা শুরুর তারিখ জানানো হয়। এরপর রাতেই তারাবির নামাজ পড়েছেন ধর্মপ্রাণ মুসলমানরা সেইসঙ্গে শেষ রাতে প্রথম সেহরিও খান তারা। অবশ্য সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে সোমবার থেকে রোজা শুরু হয়। সৌদির সঙ্গে মিল রেখে নোয়াখালী চাঁদপুর ফরিদপুরের ৫৭ গ্রামেও সোমবার থেকেই রোজা শুরু হয়েছে। এদিকে রমজানে মাস উপলক্ষ্যে আজ মঙ্গলবার থেকে নতুন সময় ধরে চলবে সরকারি অফিস রমজান মাস উপলক্ষ্যে আজ মঙ্গলবার থেকে নতুন সময় ধরে চলবে সরকারি অফিস। একইসঙ্গে ব্যাংক ও আদালত চলবে নতুন সময়সূচি ধরে। এবারের রমজান মাসে সরকারি প্রতিষ্ঠানে সময় নির্ধারণ করা হয়েছে সকাল ৯টা থেকে বিকেল সাড়ে তিনটা পর্যন্ত। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১২.০৩.২০২৪ রুবাইয়া)

**রমজান মাসে খোলা থাকছে প্রাথমিক ও মাধ্যমিক স্কুল**

রমজান মাসে প্রাথমিক ও মাধ্যমিক স্কুল খোলা রাখার সিদ্ধান্ত স্থগিত করে হাইকোর্টে আদেশ স্থগিত করেছেন আপিল বিভাগ। এই আদেশের ফলে রমজানে প্রাথমিক ও মাধ্যমিক স্কুল খোলা রাখতে বাধা নেই বলে জানিয়েছেন আইনজীবীরা। মঙ্গলবার প্রধান বিচারপতি ওবায়দুল হাসান এর নেতৃত্বাধীন আপিল বিভাগ এই আদেশ দেন। আদালতে রাষ্ট্রপক্ষের শুনানি করেন এটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন। রীটের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী এ কে এম ফয়েজ। এর আগে সোমবার রমজানে প্রাথমিক ও মাধ্যমিক স্কুল বন্ধ রাখতে হাইকোর্টের আদেশ স্থগিত না করে বিষয়টি আপিল বিভাগে শুনানির জন্য পাঠিয়ে দেন চেম্বার আদালত। আপিল বিভাগের চেম্বার বিচারপতি এম এনায়েতুর রহিম এই আদেশ দেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১২.০৩.২০২৩ রুবাইয়া)

**কুমিল্লায় মাছবাহী ট্রাক উল্টে চারজন নিহত হয়েছেন**

কুমিল্লার চান্দিনা উপজেলায় মাছবাহী ট্রাক উল্টে চারজন নিহত হয়েছেন। ইলিয়টগঞ্জ হাইওয়ে পুলিশ ফাঁড়ির ইনচার্জ মনজুরুল আলম গণমাধ্যমকে এই তথ্য জানিয়ে। এর মধ্যে তিনজন শ্রমিক ও একজন ট্রাক চালকের সহকারি। এরা হলেন মনির হোসেন হাবিবুর রহমান ও আকতার হোসেন এবং চালকের সহকারি রফিকুল ইসলাম। তিনি বলেন মঙ্গলবার সাড়ে পাঁচটার দিকে নোয়াখালী থেকে ঢাকার উদ্দেশ্যে ছেড়ে আসা মাছবাহী ট্রাকটি রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা আরেকটি ট্রাককে ধাক্কা দিলে এই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় আরো তিনজন আহত হয়েছেন।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১২.০৩.২০২৪ রুবাইয়া)

**ঢাকার বাতাসের মান আজ অস্বাস্থ্যকর হিসেবে চিহ্নিত হয়েছে**

ঢাকার বাতাসের মান আজ মঙ্গলবার অস্বাস্থ্যকর হিসেবে চিহ্নিত হয়েছে। সকাল ৯ টা ১০ মিনিটে ১৯৫ এয়ার পলিউটি ইনডেক্স স্কোর নিয়ে বিশ্বের দূষিত বাতাসের শহরের তালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছে শহরটি। ভারতের দিল্লি ও পাকিস্তানের লাহোর যথাক্রমে ২৭৩ ও ১৮৯ একিউআই স্কোর নিয়ে তালিকার প্রথম ও তৃতীয় স্থান দখল করেছে। সুইজারল্যান্ড ভিত্তিক বায়ুর মান পর্যবেক্ষণকারী প্রযুক্তি প্রতিষ্ঠান আইকিউএয়ার এই তালিকা প্রকাশ করে। প্রতিদিনের বাতাসের মান নিয়ে তৈরি করা একিউআই সূচক একটি নির্দিষ্ট শহরের বাতাস কতটুকু নির্মল বা দূষিত সে সম্পর্কে মানুষকে তথ্য দেয় এবং তাদের জন্য কোন ধরনের স্বাস্থ্য ঝুঁকি তৈরি হতে পারে না তা জানায়।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১২.০৩.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

**বাংলাদেশের সঙ্গে জাপানের সম্পর্ক আরো গভীর হবে : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মোঃ জিল্লুল হাকিম বলেছেন, 'বাংলাদেশের সঙ্গে জাপানের দীর্ঘদিনের সম্পর্ক রয়েছে এই সম্পর্ক আরো গভীর হবে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় থেকে বাংলাদেশের জনগণের সঙ্গে জাপানের এই সম্পর্ক তৈরি হয়।' মঙ্গলবার, ১২ই মার্চ রেল মন্ত্রণালয়ের অফিস কক্ষে মন্ত্রীর সঙ্গে জাপানের রাষ্ট্রদূত আইয়ামা কিমিনরির সঙ্গে সাক্ষাৎকালে এসব কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, 'জাপান বাংলাদেশের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পে আর্থিক সহযোগিতা করছে। বাংলাদেশ রেলওয়ের অনেক প্রকল্প বাস্তবায়ন করছে। ভবিষ্যতেও রেলওয়ের প্রকল্পে জাপানের কাজ করার সুযোগ রয়েছে।'

রেলমন্ত্রী এসময় বাংলাদেশে জাপানের বাস্তবায়নাধীন রেলওয়ের বিভিন্ন প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোচনা করেন। মন্ত্রী জাপানের রাষ্ট্রদূতকে বাংলাদেশের রেলের প্রকল্পগুলোতে আর্থিক সহযোগিতার অনুরোধ করেন। জাপানের রাষ্ট্রদূত এসময় বাংলাদেশ রেলওয়ের সঙ্গে কাজ করার এবং ভবিষ্যতে আর্থিক সহযোগিতা করার আশ্বাস ব্যক্ত করেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে জনরোষ তৈরি হয়েছে, এটাই সরকারের শক্তি : পররাষ্ট্রমন্ত্রী

অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে জনরোষ তৈরি হয়েছে, এটাই সরকারের শক্তি বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। মঙ্গলবার, ১২ই মার্চ দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে মত বিনিময়কালে এ কথা বলেন তিনি। সরকারের কঠোর অবস্থানের পরও বাজারে জিনিসপত্রের দাম বেশি রাখা হচ্ছে, এমন মন্তব্যের পরিপ্রেক্ষিতে মন্ত্রী সাংবাদিকদের বলেন, 'অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে জনরোষ তৈরি হয়েছে, এটাই আমাদের শক্তি। পাশাপাশি সরকার সামগ্রিক বাজার ব্যবস্থাপনার একটি পরিকল্পনা করছে। যাতে ব্যবসায়ীরা যা ইচ্ছা তাই করতে না পারেন। এক্ষেত্রে ব্যবসায়ীদের মানসিকতা একটা বিষয় উল্লেখ করে হাছান মাহমুদ বলেন, 'চট্টগ্রামের বাজারে যে ফুলকপি ২০ টাকা, সেটিই বসতবাড়ির গলিতে ৬০ টাকায় ভ্যানে করে বিক্রি করে। ২০ টাকার কপি বহন খরচসহ ৩০ টাকা হতে পারে, কিন্তু ৬০ টাকা চাওয়া চরম অতিরিক্ত। এটি মানসিকতার ব্যাপার।' মন্ত্রী আরো বলেন, 'আশা করি পবিত্র রমজানে ব্যবসায়ীদের শুভবুদ্ধির উদয় হবে। তারা অতিরিক্ত মুনাফা করার প্রবণতা থেকে বিরত থাকবেন।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## রমজানের মধ্যেও বিএনপির কর্মসূচি জনভোগান্তি সৃষ্টি করবে : সেতুমন্ত্রী

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'রমজান সংযমের মাস। এ মাসেও বিএনপি নেতারা তাদের রাজনৈতিক কর্মসূচি চলমান রাখার কথা বলছেন। রমজান মাসে কর্মসূচি চলমান রাখার ঘোষণার মধ্য দিয়ে বিএনপি জনগণের ধর্মীয় মূল্যবোধ ও অনুভূতির বিপক্ষে দাঁড়িয়েছে। তাদের এ কর্মসূচি রমজানের মধ্যেও জনভোগান্তি সৃষ্টি করবে। অর্থাৎ তারা দেশের জনগণকে কোনোভাবেই স্বস্তিতে থাকতে দিতে চায় না।' মঙ্গলবার, ১২ই মার্চ এক বিবৃতিতে এ মন্তব্য করেন ওবায়দুল কাদের। বিবৃতিতে বিএনপি নেতাদের অর্বাচীন বক্তব্য ও মিথ্যাচারের নিন্দা এবং প্রতিবাদ জানান তিনি। তিনি বলেন, 'আমরা আগেই বলেছি রমজানে ঘোষিত কর্মসূচির মধ্য দিয়ে বিএনপি আরো জনবিচ্ছিন্ন হয়ে পড়বে। তারা দীর্ঘ এক যুগের বেশি সময় ধরে তাদের তথাকথিত সরকার বিরোধী আন্দোলনের নামে দেশের সাংবিধানিক ও গণতান্ত্রিক ব্যবস্থা ধ্বংসের পাঁয়তারা করছে। কিন্তু তাদের ডাকে জনগণ কখনোই সাড়া দেয়নি। বরং তারা জনগণ দ্বারা বারবার প্রত্যাখ্যাত হয়েছে। ফলে বিএনপি তথাকথিত আন্দোলনের মাধ্যমে গণসম্পৃক্ততার কোনো স্বরূপ তুলে ধরতে ব্যর্থ হয়েছে। বিএনপি সর্বদাই গণবিরোধী অবস্থানে থেকে রাজনীতি করে আসছে। তাই বিএনপির পক্ষে কখনোই গণআন্দোলন গড়ে তোলা সম্ভব নয়।' বিবৃতিতে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'বিএনপির নেতা-কর্মীরা পরোক্ষভাবে বন্দিত্বের কথা বলছেন, তারা নাকি স্বাচ্ছন্দ্যে চলাফেরা করতে পারেন না। অথচ তারা নিয়মিতভাবে সরকারের বিরুদ্ধে মিথ্যাচার করছেন, চড়া গলায় সরকারকে হুঁশিয়ারি দিচ্ছেন। প্রকৃতপক্ষে বিএনপির নেতা-কর্মীরা ভুলের চোরাবালিতে আটকা পড়েছে, ভুল রাজনীতির ফ্রেমে বন্দি হয়ে আছে। তারা খুনি-দুর্নীতিবাজ, অর্থ পাচারকারী তারেক রহমানের নেতৃত্বের দাসত্বে বন্দি। তাদের শুভবুদ্ধির উদয় বা বিবেক জাগ্রত না হলে তারা এ বন্দিদশা থেকে মুক্তি পাবে না। বন্দি অবস্থায় থাকতে থাকতে ভ্রমের কারণে তারা তাদের বন্দিত্বের দায়ভার সরকারের ওপরে চাপানোর অপচেষ্টা করছে।' বিবৃতিতে তিনি বলেন, 'শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার জনগণের কল্যাণে কাজ করছে। রমজান মাসে জনগণের যাতে কষ্ট না হয় সেজন্য সরকার সর্বাত্মকভাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ আওয়ামী লীগ সর্বদা জনগণের পাশে ছিল এবং থাকবে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## খেজুরের দাম বেঁধে দিলো সরকার

দেশে আমদানি করা খেজুরের যৌক্তিক মূল্য নির্ধারণ করে দিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়। মঙ্গলবার, ১২ই মার্চ বাণিজ্য মন্ত্রণালয়ের এক চিঠিতে এফবিসিসিআই প্রেসিডেন্ট ও বাংলাদেশ ফ্রেশ ফ্রুটস ইম্পোর্টার্স অ্যাসোসিয়েশনকে দেওয়া এক চিঠিতে দাম নির্ধারণের বিষয়টি জানানো হয়। এতে বলা হয়, দেশে আমদানিকৃত বিভিন্ন খেজুরের আমদানি মূল্য, আরোপিত শুল্ক ও করাদি এবং আমদানিকারকদের অন্যান্য খরচ বিশ্লেষণ করে বাণিজ্য মন্ত্রণালয় খেজুরের মানভিত্তিক যৌক্তিক মূল্য নির্ধারণ করেছে। এতে অতি সাধারণ মানের খেজুর প্রতি কেজি ১৫০ থেকে ১৬৫ টাকা, বহুল ব্যবহৃত জাইদি খেজুর ১৭০ থেকে ১৮০ টাকা নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত মূল্যে খেজুর বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিঠিতে অনুরোধ করা হয়। খেজুরের অতিরিক্ত দাম নিয়ে এক প্রশ্নের জবাবে বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলেন, 'সাধারণ মানুষ যে খেজুরটা খায়, সেটা ২০০ থেকে ২৫০ টাকার মধ্যে রাখতে বলেছি। আমাদের মন্ত্রণালয় থেকে চিঠিও দিয়েছি। আনুষ্ঠানিকভাবে আজকের মধ্যে এটা প্রকাশ করা হবে।' তিনি বলেন, 'ধর্মীয় অনুভূতি নিয়ে আমাদের কথা বলার দরকার নেই। এটা যার যার ব্যাপার। যে যেটা দিয়ে ইচ্ছা ইফতার করবেন। আমাদের চেষ্টায় বস্তার খেজুরটার শুল্ক কমানো হয়েছে। আমরা উঁচু জাতের দামি খেজুরের শুল্ক কমাইনি। সাধারণ মানুষ যেটা খায়, সেটার দাম কমাতে চিঠি দেওয়া হয়েছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## ভারতের অনুমোদন পেয়েছি, দাম নিয়ে আলোচনা হচ্ছে : বাণিজ্য প্রতিমন্ত্রী

ভারত থেকে পেঁয়াজ আমদানির অনুমোদন পেয়েছেন উল্লেখ করে বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলেছেন, 'এখন দাম নিয়ে আলোচনা হচ্ছে।' মঙ্গলবার, ১২ই মার্চ দুপুরে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বাংলাদেশ-জাপান ইকোনমিক পার্টনারশিপ এগ্রিমেন্ট, ইপিএ নিয়ে যৌথ সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, 'খোলাবাজারের চিনির সর্বোচ্চ মূল্য ১৪০ টাকার বেশি হবে না। তারা আমাদের কথা দিয়েছে, তাদের যথেষ্ট মজুদ আছে। প্যাকেটজাত চিনির দামও ১৪৫ থেকে ১৪৬ টাকার বেশি হবে না। সেটা আমরা নিশ্চিত করতে পেরেছি। রমজানে চিনির দাম বাড়ার কোনো সুযোগ নেই।' তিনি আরো বলেন, 'ভারতের সঙ্গেও আমাদের কথা চলছে। সেখানেও অগ্রগতি হতে পারে। দাম সব জায়গায়ই বেশি। আমি যদি ডলারে কনভার্ট করে বাণিজ্যিক ভিত্তিতেও চিনি আমদানি করি তাহলেও দাম কম পড়বে না। পাঁচ টাকা হয়তো এদিক-ওদিক হবে। আন্তর্জাতিক বাজারে চিনির দাম উর্ধ্বমুখী। আমরা চাচ্ছি, চিনির দাম মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে আনতে। যে দাম আমরা নির্ধারণ করে দিয়েছি, রমজান মাসে চিনির দাম তাই থাকবে।' প্রতিমন্ত্রী আরো বলেন, 'ভারতে পেঁয়াজের শুল্ক বাংলাদেশের জন্য ৮০০ ডলার, আর যুক্তরাজ্যের জন্য এক হাজার ২০০ ডলার। আমাদের সিনিয়র সেক্রেটারি তিনদিন ধরে দাম কমাতে নিয়মিত যোগাযোগ করছেন, আলোচনা করছেন। দুই-একদিনের মধ্যে এ বিষয়ে সিদ্ধান্ত আসবে।' তিনি বলেন, 'আন্তর্জাতিক বাণিজ্যের বাধা আমি চাইলেই সবকিছু নিরসন করতে পারি না। তবে আমাদের উদ্যোগ ও চেষ্টা আছে। পেঁয়াজ রফতানিতে মার্চ পর্যন্ত নিষেধাজ্ঞা দিয়েছে ভারত, তারপরও তারা রাজি হয়েছে। সামনে তাদের দেশে নির্বাচন, সেটাও দেখতে হবে। তাদের ভোক্তা আছে, সেটা মাথায় রাখতে হবে। সবকিছু বিবেচনা করে ৫০ হাজার টন পেঁয়াজের অনুমোদন আমরা পেয়েছি। হয় আমরা সরকারিভাবে জি টু জি আনবো অথবা আমদানিকারকদের অনুমোদন দেবো। যত দ্রুত সম্ভব বাজারে যাতে স্বস্তি ফিরিয়ে আনা যায়, সেই চেষ্টা করব।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## রমজানে স্কুল খোলা থাকবে : আপিল বিভাগ

রোজায় প্রাথমিক ও মাধ্যমিক স্কুল খোলা রাখার সিদ্ধান্ত স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশ স্থগিত করেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। ফলে প্রাথমিক বিদ্যালয় ১০ দিন ও মাধ্যমিক বিদ্যালয় রমজানে ১৫ দিন খোলা থাকছে। হাইকোর্টের আদেশ স্থগিত চেয়ে রাষ্ট্রপক্ষের করা আপিল আবেদনের শুনানি নিয়ে মঙ্গলবার, ১২ই মার্চ প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের নেতৃত্বাধীন ৫ সদস্যের আপিল বিভাগের বেঞ্চ এ আদেশ দেন। আদালতে আজ রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল এ এম আমিন উদ্দিন। অন্যদিকে রিট আবেদনকারী পক্ষে শুনানি করেন আইনজীবী এ কে এম ফয়েজ। এর আগে রোজায় প্রাথমিক ও মাধ্যমিক স্কুল খোলা রাখার সিদ্ধান্ত স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশ স্থগিত চেয়ে রাষ্ট্রপক্ষের করা আবেদনের শুনানি নিয়ে স্থগিতাদেশ দেননি আপিল বিভাগের চেম্বার আদালত। এর পরিবর্তে এ বিষয়ে পূর্ণাঙ্গ ও নিয়মিত বেঞ্চে শুনানির জন্য আজ মঙ্গলবার, ১২ই মার্চ দিন ঠিক করেন আদালত। রাষ্ট্রপক্ষের করা আপিল আবেদন শুনানি নিয়ে সোমবার, ১১ই মার্চ আপিল বিভাগের বিচারপতি এম ইনায়েতুর রহীমের চেম্বার আদালত এ আদেশ দেন। তারই ধারাবাহিকতায় আজ সেটির শুনানি হয়। পবিত্র রমজান মাসে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্ত নিয়ে জারি করা পৃথক দুটি প্রজ্ঞাপন স্থগিত করেন হাইকোর্ট। এ সংক্রান্ত রিটের প্রাথমিক শুনানি নিয়ে রোববার, ১০ই মার্চ হাইকোর্টের বিচারপতি কে এম কামরুল কাদের ও বিচারপতি খিজির হায়াতের সমন্বয়ে গঠিত বেঞ্চ রুলসহ এ আদেশ দেন। এরও আগে রমজানে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে গত ২৫শে ফেব্রুয়ারি হাইকোর্টে রিট দায়ের করেন সুপ্রিম কোর্টের অপর একজন আইনজীবী মোঃ ইলিয়াছ আলী মন্ডল। কিন্তু ওই রিটের শুনানি এখনো হয়নি বলে জাগো নিউজকে জানান আইনজীবী মো. ইলিয়াছ আলী মণ্ডল নিজে। (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## ১৮ হাজার কোটি টাকা কমে উন্নয়ন বাজেট দাঁড়ালো ২ লাখ ৪৫ হাজার কোটিতে

প্রতি বছরের মতো এবারো সংশোধন করা হচ্ছে অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি, এডিপি বা উন্নয়ন বাজেট। সংশোধিত এডিপির আকার চূড়ান্ত করা হয়েছে ২ লাখ ৪৫ হাজার কোটি টাকা। সংশোধিত এডিপিতে ১১ দশমিক ১৭ শতাংশ বা ১০ হাজার ৫০০ কোটি টাকা কমছে বৈদেশিক ঋণ। মোট বরাদ্দ কমেছে ১৮ হাজার কোটি টাকা। যথাসময়ে প্রকল্প বাস্তবায়ন করতে না পারায় এ অর্থ এডিপি থেকে কেটে নেওয়া হচ্ছে। তবে অন্য অর্থবছরগুলোতে সংশোধিত এডিপিতে নিজস্ব অর্থায়ন অপরিবর্তিত থাকলেও এবার সেখান থেকেও অর্থ বরাদ্দ কমানো হলো। মঙ্গলবার, ১২ই মার্চ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের সভায় সংশোধিত এডিপি অনুমোদন দেওয়া হয়। একনেক সভাশেষে পরিকল্পনামন্ত্রী মেজর জেনারেল অবসরপ্রাপ্ত আব্দুস সালাম ও পরিকল্পনা প্রতিমন্ত্রী মোঃ শহীদুজ্জামান সরকার বিস্তারিত উপস্থাপন করেন। ২০২৩-২৪ অর্থবছরে সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচি, এডিপি বাস্তবায়নের জন্য বরাদ্দ ছিল ২ লাখ ৬৩ হাজার কোটি টাকা। বৈদেশিক এবং সরকারের নিজস্ব তহবিল থেকে মোট ১৮ হাজার কোটি টাকা কমানোয় সংশোধিত এডিপির আকার দাঁড়াচ্ছে ২ লাখ ৪৫ হাজার কোটি টাকা। জানা গেছে, চলতি অর্থবছরে এডিপিতে সরকারের নিজস্ব তহবিল হিসেবে ১ লাখ ৬৯ হাজার কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছিল। সেখান

থেকে ৭ হাজার কোটি টাকা কমানোয় সংশোধিত এডিপিতে নিজস্ব তহবিল দাঁড়াচ্ছে ১ লাখ ৬১ হাজার ৫০০ কোটি টাকা। (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## মানুষের মাঝে বেঁচে থাকার মাধ্যম সমাজসেবা : সমাজকল্যাণ মন্ত্রী

সমাজসেবা মানুষের মাঝে বেঁচে থাকার মাধ্যম বলে মন্তব্য করেছেন সমাজকল্যাণ মন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, 'সমাজসেবা মনে প্রশান্তি আনে, মানুষের জন্য ভালোবাসা সৃষ্টি করে, ত্যাগের মনোভাব তৈরি করে এবং লোভ, লালসা, বিদ্বেষ থেকে দূরে রাখে। সমাজসেবার মাধ্যমে মানুষ সবার প্রিয় হয়ে ওঠে। তাই মানুষের মাঝে বেঁচে থাকার মাধ্যম সমাজসেবা। মঙ্গলবার, ১২ই মার্চ দুপুরে সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে নতুন যোগদান করা সমাজসেবা অফিসারদের ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। মন্ত্রী নতুন কর্মকর্তাদের সততা, দেশপ্রেম, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের আহ্বান জানান। অনুষ্ঠানে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব রেখা রানী বালো, যোবায়দা রহমান প্রমুখ বক্তব্য রাখেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## আইনের শাসন বজায় রাখতে বাংলাদেশ প্রতিশ্রুতিবদ্ধ : স্পিকার

মানবাধিকার ও আইনের শাসন বজায় রাখতে বাংলাদেশ প্রতিশ্রুতিবদ্ধ বলে উল্লেখ করেছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। তিনি বলেন, 'বাংলাদেশ সবার জন্য অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ন্যায়বিচার নিশ্চিত করতে কাজ করে চলেছে।' সোমবার, ১১ই মার্চ যুক্তরাজ্যের হাউজ অব কমন্সের স্পিকার লিন্ডসে হয়লের সঙ্গে কমনওয়েলথভুক্ত দেশগুলোর স্পিকারদের সঙ্গে বৈঠকে তিনি এসব কথা বলেন। ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, 'আসুন আমরা জাতি, ঐক্য এবং বৈচিত্র্যের একটি পরিবার কমনওয়েলথের জন্য একটি টেকসই, ন্যায়সঙ্গত এবং স্থিতিস্থাপক ভবিষ্যৎ গড়তে হাত মেলাই।' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭৩ সালে কানাডার অটোয়াতে অনুষ্ঠিত কমনওয়েলথ শীর্ষ সম্মেলনে প্রদত্ত ভাষণের উদ্ধৃতি দিয়ে স্পিকার একসঙ্গে কাজ করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। তিনি বলেন, 'বাংলাদেশ কমনওয়েলথভুক্ত দেশসহ সারা বিশ্বে সব প্রকার বৈষম্য এবং নিপীড়নের অবসান ঘটাতে একসঙ্গে কাজ করতে দৃঢ় সংকল্পবদ্ধ।' (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## চাঁদাবাজির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে : আইজিপি

চাঁদাবাজদের বিরুদ্ধে হুঁশিয়ারি উচ্চারণ করে পুলিশের মহাপরিদর্শক, আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন বলেছেন, 'পণ্য পরিবহনসহ প্রত্যেক সেক্টরে কোনো ধরনের চাঁদাবাজি বরদাশত করা হবে না। সব ধরনের চাঁদাবাজির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।' মঙ্গলবার, ১২ই মার্চ পুলিশ হেডকোয়ার্টার্সে পবিত্র রমজান ও আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে সার্বিক আইনশৃঙ্খলা, নিরাপত্তা এবং ট্রাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত সভায় সভাপতিত্বকালে তিনি এ নির্দেশনা দেন। দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের জন্য মাঠ পর্যায়ের পুলিশ কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন আইজিপি। তিনি এ ক্ষেত্রে বাজার মনিটরিং এবং পণ্যবাহী যানবাহনের নির্বিঘ্ন চলাচলের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, 'রমজান ও ঈদ সামনে রেখে কোনো ইস্যু তৈরি করে কেউ যেন আইনশৃঙ্খলার অবনতি ঘটাতে না পারে সেজন্য সবাই সতর্ক থাকতে হবে।' আইজিপি বলেন, 'কোনো স্বার্থান্বেষী মহল সাইবার ওয়ার্ল্ডে গুজব ও অপপ্রচারের মাধ্যমে যাতে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট বা অনাকাঙ্খিত ঘটনা ঘটাতে না পারে সেজন্য কর্মকর্তাদের তৎপর থাকতে হবে।' আইজিপি পবিত্র ঈদুল ফিতরে ঘরমুখো মানুষের যাতায়াত নির্বিঘ্ন করার লক্ষ্যে এখন থেকেই প্রস্তুতি নেওয়ার জন্য হাইওয়ে পুলিশ, জেলা পুলিশসহ সংশ্লিষ্ট সব পুলিশ ইউনিটকে নির্দেশনা দেন। বাসের ছাদে বা ট্রাকে যাতে যাত্রী পরিবহন করতে না পারে সেজন্য হাইওয়ে পুলিশকে ব্যবস্থা নেওয়ারও নির্দেশ দিয়েছেন আইজিপি। আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন বলেন, 'রমজানে নিয়মিত দায়িত্ব পালনের পাশাপাশি ইফতার, তারাবি এবং সেহরির সময় বিশেষভাবে সতর্ক ও সজাগ থেকে দায়িত্ব পালন করতে হবে।' আইজিপি গার্মেন্টস শিল্পের শ্রমিকদের বেতন-ভাতা নিয়ে যেন কোনো ধরনের সমস্যার সৃষ্টি না হয় সেজন্য শিল্প পুলিশকে তৎপর থাকার নির্দেশ দেন। সভায় আগামী ১৭ই মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫শে মার্চ গণহত্যা দিবস এবং ২৬শে মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আয়োজিতব্য অনুষ্ঠানের নিশ্চিদ্র নিরাপত্তা নিশ্চিত করার জন্য পুলিশ কর্মকর্তাদের নির্দেশ দৈন আইজিপি। সভায় অতিরিক্ত আইজিপি, ঢাকাস্থ পুলিশের বিভিন্ন ইউনিটের প্রধান এবং সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তা উপস্থিত ছিলেন। এছাড়া, র‍্যাব, এটিইউ, পিবিআই, হাইওয়ে পুলিশ, শিল্পাঞ্চল পুলিশ, নৌ পুলিশের প্রধান, মেট্রোপলিটন পুলিশের কমিশনার, রেঞ্জ ডিআইজি, ডিআইজি, সব জেলার পুলিশ সুপার এবং বিশেষায়িত ইউনিট নৌ, হাইওয়ে, রেলওয়ে, ট্যুরিস্ট ও ইন্ডাস্ট্রিয়াল পুলিশের মাঠ পর্যায়ের কমান্ডাররা ভার্চুয়ালি সভায় সংযুক্ত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## সোমালিয়ান জলদস্যুদের দখলে বাংলাদেশি জাহাজ, ২৩ নাবিক জিম্মি

আরব সাগরে বাংলাদেশি একটি জাহাজ দখলে নিয়েছে সোমালিয়ান জলদস্যুরা। এতে জিম্মি হয়েছেন ২৩ বাংলাদেশি। মঙ্গলবার জাহাজটিতে হামলা চালায় জলদস্যুরা। সংশ্লিষ্ট সূত্র জানায়, ওই জাহাজের নাম এমভি আবদুল্লাহ। এটি দেশের শীর্ষ শিল্প গ্রুপ কেএসআরএমের মালিকানাধীন এসআর শিপিংয়ের জাহাজ। জিম্মি আছেন নাবিক ও ক্রুসহ ২৩

বাংলাদেশি। মঙ্গলবার গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন কেএসআরএমের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর শাহরিয়ার জাহান। জাহাজে থাকা নাবিকদের সঙ্গে যোগাযোগ রাখছেন এমন এক সূত্র জাগো নিউজকে জানিয়েছে, জাহাজটি বর্তমানে আছে আরব সাগরের সোমালিয়া উপকূলের কাছাকাছি। জাহাজে আনুমানিক ৫০ জন সশস্ত্র জলদস্যু অবস্থান করছে। বৈশ্বিক জাহাজের অবস্থান নির্ণয়কারী সাইট ভেসেল ফাইন্ডারের তথ্য অনুযায়ী, জাহাজটি একটি কার্গো ভেসেল। আফ্রিকার মোজাম্বিক থেকে মধ্যপ্রাচ্যের দেশ সংযুক্ত আরব আমিরাতে যাচ্ছিল এটি। ৪ঠা মার্চ মোজাম্বিক থেকে রওনা দিলেও গত চারদিন ধরে এটি সোমালিয়া উপকূলে আটকা আছে। এর আগে, ২০১১ সালের মার্চে সোমালিয়ার জলদস্যুদের হাতে জিম্মি হয় ২৬ বাংলাদেশি নাবিকসহ বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি জাহান মনি। তিন মাস পর মুক্ত হয় জাহাজটি। (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## ৬ এপ্রিল পর্যন্ত সিএনজি স্টেশন ৫টা থেকে ১০টা বন্ধ

রমজান মাসে ৬ এপ্রিল পর্যন্ত সিএনজি স্টেশন বিকেল ৫টা থেকে রাত ১০টা পর্যন্ত বন্ধ থাকবে। তবে ঈদের সময় ৭ থেকে ১৮ এপ্রিল পর্যন্ত সার্বক্ষণিক খোলা থাকবে সিএনজি স্টেশন। মঙ্গলবার, ১২ই মার্চ এ নির্দেশনা দিয়েছে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। এতে বলা হয়, রমজান মাসে বিদ্যুৎ চাহিদার দৈনিক পিক আওয়ারে গ্যাস বিতরণ নেটওয়ার্কে সম্ভাব্য স্বল্পচাপ পরিস্থিতি নিরসনে প্রথম রমজান থেকে ৬ই এপ্রিল পর্যন্ত সিএনজি স্টেশন বন্ধের সময় সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা পরিবর্তন করে বিকেল ৫টা থেকে রাত ১০টা পর্যন্ত, অর্থাৎ মোট ৫ ঘণ্টা পর্যন্ত বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।এছাড়া আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে মহাসড়কে যানবাহন চলাচল স্বাভাবিক রাখার জন্য জ্বালানি সরবরাহের সুবিধার্থে ৭ই থেকে ১৮ই এপ্রিল সিএনজি স্টেশন সার্বক্ষণিক খোলা রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। আগামী ১৯শে এপ্রিল থেকে আগের মতো সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা পর্যন্ত সিএনজি স্টেশন বন্ধ থাকবে বলেও জানিয়েছে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## ১২ ব্যাংক অত্যন্ত নাজুক, ইয়েলো জোনে ২৯টি

ছয় রাষ্ট্রায়ত্ত ব্যাংকসহ মোট ৩৮টি ব্যাংককে দুর্বল হিসেবে চিহ্নিত করেছে বাংলাদেশ ব্যাংক। ৫৪ ব্যাংকের অবস্থা বিশ্লেষণ করে সবল ও দুর্বল ব্যাংক বের করা হয়। যেখানে ১২টি ব্যাংকের অবস্থান অত্যন্ত নাজুক, যার ৯টি এরই মধ্যে রেড জোনে চলে গেছে। ইয়েলো জোনে রয়েছে ২৯টি ব্যাংক। আর তিনটি ব্যাংক রেড জোনের খুব কাছাকাছি। তবে বাংলাদেশ ব্যাংক বলছে, রিসার্সের জন্য দুর্বল ও সবল ব্যাংকের এই তালিকা করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল স্টেবিলিটি ডিপার্টমেন্ট ব্যাংকগুলোর ছয়টি কম্পোনেন্ট নিয়ে এ তালিকা করে। মঙ্গলবার, ১২ই মার্চ এক জরুরি সংবাদ সম্মেলনে এ কথা জানান বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র ও নির্বাহী পরিচালক মেজবাউল হক। তিনি বলেন, 'বাংলাদেশ ব্যাংক ছয়টি কম্পোনেন্ট নিয়ে দুর্বল- সবল ব্যাংকের তালিকা করেছে। এটা আমাদের নিজস্ব রিসার্সের জন্য করা হয়েছে। গণমাধ্যমে প্রকাশিত হওয়ার জন্য আমাদের এ রেটিং করা হয়নি। এছাড়া কোন ব্যাংক দুর্বল এটাতো জানা। শেয়ারবাজার থেকেও চিত্র আপনারা দেখতে পান। মুখপাত্র আরো বলেন, 'আমাদের সব রিপোর্ট পাবলিকের জন্য করা হয় না। বেশ কিছু রিপোর্ট জাতীয় স্বার্থে গোপন রাখতে হবে। ব্যাংকগুলোর ওপর ক্যামেলস রেটিং কখনো পাবলিক হওয়ার জন্য নয়, এটা গোপনীয় আমাদের বিভিন্ন ডিপার্টমেন্ট বিভিন্ন কম্পোনেন্ট নিয়ে এসেসমেন্ট করে। রেগুলার করি ফাইনেন্সিয়াল রিক্স ম্যানেজমেন্টের জন্য করা হয়, এটা প্রকৃত হেলথ ইনডিকেটর নয়।' এসময় তিনি বলেন, 'ব্যাংকগুলোকে শ্রেণিকরণ করতে একটা পিসিএ ফ্রেমওয়ার্ক করেছি। যেখানে চারটি ক্যাটাগরিতে ব্যাংকগুলোকে মূল্যায়ন করা হবে। চলতি বছরের ব্যালেন্স শিটের ওপর ভিত্তি করে এটা করা হবে। যেটা কার্যকর হবে ২০২৫ এর মে মাস থেকে।' একীভূত নিয়ে তিনি বলেন, আগামী এক বছরে ১০ ব্যাংকে মার্জারের বা একীভূত করার পরিকল্পনা রয়েছে। মার্জারের প্রক্রিয়া বিশ্বব্যাপী। বাংলাদেশ ব্যাংকের নিজস্বতাও থাকবে মার্জারের ক্ষেত্রে। এখানে দুর্বল ব্যাংক সবল ব্যাংক হতে পারে, আবার সবল ব্যাংক আরো সবল ব্যাংক হতে পারে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নতুন নির্বাচন দাবি রিজভীর

সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সদ্য নির্বাচনের ফলাফল প্রত্যাখ্যান করে নতুন নির্বাচন দাবি করেছেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। মঙ্গলবার, ১২ই মার্চ নয়া পল্টনে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে তিনি এ দাবি করেন। রিজভী বলেন, 'আমরা সবসময় বলে আসছি, ক্ষমতাসীন আওয়ামী লীগ ও তাদের ছত্রছায়ায় দেশের কোথাও কোনো অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান সম্ভব নয়। তারা গণতন্ত্রে বিশ্বাস করে না, জনগণের ভোটারাধিকারে বিশ্বাসী নয়, বিগত ২০১৪, ২০১৮ এবং গত ৭ জানুয়ারিতে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচন ও বিভিন্ন স্তরের স্থানীয় নির্বাচনে এরই মধ্যে তা বার বার প্রমাণিত হয়েছে। সর্বশেষ প্রমাণ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচন। এর আগে ঢাকা আইনজীবী সমিতি নির্বাচনেও একই ধরনের প্রহসনের নির্বাচন করা হয়েছে।'
তিনি বলেন, 'আমাদের প্রত্যাশা ছিল, দেশের সাধারণ মানুষের আইনের আশ্রয় নেওয়ার শেষ ভরসাস্থল, বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবীদের সমিতিতে তারা নগ্ন হস্তক্ষেপ থেকে বিরত থাকবে। কিন্তু আওয়ামী প্রভুত্ববাদের অধীনতা থেকে মুক্তির সন্ধান একদিন মিলবেই। এ পরিস্থিতিতে আমি বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির পক্ষ থেকে ৬ই ও

৭ই মার্চ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনের ফলাফল প্রত্যাখান করছি এবং অবিলম্বে তথাকথিত নির্বাচনি ফলাফল বাতিল করে নির্বাচনের নতুন তারিখ ঘোষণা করতে হবে।'

রিজভী বলেন, 'ভোট জালিয়াতি ও নিজেদের অপকর্মের ঘটনা থেকে মানুষের দৃষ্টি সরাতে জাতীয়তাবাদী আইনজীবী ঐক্য প্যানেলের সম্পাদক প্রার্থী ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজলকে সম্পূর্ণ পূর্বপরিকল্পিত মিথ্যা সাজানো মামলায় গ্রেফতার করে রিমান্ডে নেওয়া হয়েছে। ফলাফল গণনা নাটকের নামে জালিয়াতি করে ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজলকে হারিয়ে শেখ হাসিনা ও যুবলীগের চেয়ারম্যান পরশের আপন ভাই মেয়র তাপসের প্রার্থী শাহ মঞ্জুরুল হককে বিজয়ী ঘোষণা করা হয়েছে।' দলের পক্ষ থেকে তিনি ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল এবং ব্যারিস্টার ওসমান চৌধুরীসহ গ্রেফতার বিএনপি সমর্থিত আইনজীবীদের নিঃশর্ত মুক্তি, মিথ্যা মামলা প্রত্যাহার ও রিমান্ড বাতিলের জোর আহ্বান জানান। (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## মিয়ানমারের সীমান্তরক্ষীদের আগের মতোই ফেরত পাঠানো হবে : পররাষ্ট্রমন্ত্রী

মিয়ানমার থেকে আবারো বাংলাদেশে আশ্রয় নেওয়া সীমান্তরক্ষীদের আগের মতোই তাদের দেশে ফেরত পাঠানোর লক্ষ্যে সরকার কাজ করছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। মঙ্গলবার, ১২ই মার্চ দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে মত বিনিময়কালে এ সংক্রান্ত প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। এ দিন দুপুর পর্যন্ত নতুন করে মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশের ১৭৭ জন বাংলাদেশে প্রবেশ করেছে, কয়েকজন বেসামরিক নাগরিক আসার চেষ্টা করেছিল তাদের ফেরত পাঠানো হয়েছে বলেও জানান তিনি।

পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'মিয়ানমার থেকে আগেও তাদের সীমান্তরক্ষী ও সেনাবাহিনীর সদস্য এবং তাদের পরিবারেরও কয়েকজন সদস্য আশ্রয় নিয়েছিল। মিয়ানমার সরকারের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে আমরা তাদের ফেরত পাঠিয়েছি। এবারো তাই করা হচ্ছে। মিয়ানমারের অভ্যন্তরীণ বিশেষ করে সীমান্তবর্তী অঞ্চলে উদ্বায়ী পরিস্থিতির জন্যই বারবার এমন অবস্থা তৈরি হচ্ছে।'

মিয়ানমারের রাষ্ট্রদূতকে ডাকা হবে কি না এ প্রশ্নে মন্ত্রী বলেন, 'তাদের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রয়েছে। প্রয়োজনে রাষ্ট্রদূতকে ডাকা হবে, এখনো ডাকা হয়নি। এর আগে ঢাকায় নিযুক্ত মালয়েশিয়ার হাইকমিশনার হাজনাহ মুহাম্মদ হাশিমের সৌজন্য সাক্ষাত প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেন,' মালয়েশিয়ায় কর্মরত বাংলাদেশিদের কল্যাণ ও কর্মসংস্থান বৃদ্ধি, বাংলাদেশে বিনিয়োগে ৮ম সর্বোচ্চ দেশ মালয়েশিয়া থেকে আরো বিনিয়োগ, আসিয়ান দেশগুলোর ডায়ালগ পার্টনারশিপের জন্য বাংলাদেশের আবেদনসহ দ্বিপাক্ষিক বিষয়াদি বৈঠকে স্থান পেয়েছে।'

(জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

## বাংলাদেশের প্রয়োজনে ভারত সর্বদা পাশে থেকেছে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান ভারতকে বাংলাদেশের শর্তহীন অকৃত্রিম বন্ধু উল্লেখ করে বলেন, 'প্রয়োজনে ভারত সর্বদা পাশে থেকেছে। বাংলাদেশ এবং ভারতের মধ্যে বিরাজমান এই সম্পর্ক ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করছি।' মঙ্গলবার, ১২ই মার্চ বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বীর মুক্তিযোদ্ধা এ কে এম বজলুর রহমান ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে 'বাংলাদেশ থেকে ভারতীয় সৈন্য প্রত্যাহারের ৫২ বছর পূর্তি উদযাপন' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ইশারায় তৎকালীন ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ১৯৭২ সালের ১২ই মার্চ স্বাধীন সার্বভৌম বাংলাদেশ থেকে ভারতীয় সৈন্য প্রত্যাহার করেন। পৃথিবীর ইতিহাসে স্বল্পতম সময়ের মধ্যে সৈন্য প্রত্যাহারের এই ঘটনা বিরল। এটি বঙ্গবন্ধুর বিশাল ব্যক্তিত্ব ও দূরদর্শিতার বহিঃপ্রকাশ। বঙ্গবন্ধু ও গান্ধীর মধ্যে পারস্পরিক শ্রদ্ধা, বিশ্বাস ও গভীর বন্ধুত্বপূর্ণ সম্পর্কের কারণেই দ্রুততম সেনা প্রত্যাহার করা সম্ভব হয়েছিল।' ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল বাংলাদেশ এবং ভারতের মধ্যে বিরাজমান ঐতিহাসিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক বন্ধনের চিত্র তুলে ধরে বলেন, 'বাংলাদেশের স্বাধীনতার জন্য ভারতের অনেক সৈন্য জীবন দিয়েছেন। দু'দেশের জনগণের মধ্যে বিরাজমান মৈত্রীর এই বন্ধন চিরদিন অটুট থাকবে।' তিনি বলেন, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দূরদর্শী নেতৃত্ব ও অসাধারণ দক্ষতার কারণেই অল্প সময়ের মধ্যে বাংলাদেশ থেকে ভারতীয় সৈন্য প্রত্যাহার করা হয়। এর মাধ্যমে আমরা মুক্তিযুদ্ধের প্রতিটি পর্ব সফলতার সঙ্গে উত্তীর্ণ হই। সৈন্য প্রত্যাহারের ক্ষেত্রে তৎকালীন ভারতীয় প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর অবদান গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি। ইতিহাসের এসব গুরুত্বপূর্ণ ঘটনা নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেওয়ার জন্য সবার প্রতি আহ্বান জানাই। অনুষ্ঠানে ভারতীয় হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা বলেন, 'বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের ইতিহাসে ভারতীয় সৈন্য প্রত্যাহারের ঘটনা দুই দেশের বন্ধুত্ব ও সম্প্রীতির এক উজ্জ্বল দৃষ্টান্ত। ভারত এবং বাংলাদেশের এই সম্প্রীতি, বন্ধুত্ব ও পারস্পরিক সহযোগিতা বর্তমানে অনন্য উচ্চতায় পৌঁছেছে। ভারতীয় সৈন্য প্রত্যাহারের ৫২ বছর পূর্তি উদযাপন অনুষ্ঠান আয়োজনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালকে আন্তরিক ধন্যবাদ জানাই।' (জাগো এফএম ওয়েব পেজ : ১২.০৩.২০২৪ প্রতীক)

# BBC

**GAZA MEDICS TELL BBC THAT ISRAELI TROOPS BEAT AND HUMILIATED THEM**

Palestinian medical staff in Gaza have told the BBC they were blindfolded, detained, forced to strip and repeatedly beaten by Israeli troops after a raid at their hospital last month. Ahmed Abu Sabha, a doctor at Nasser hospital, described being held for a week in detention, where, he said, muzzled dogs were set upon him and his hand was broken by an Israeli soldier. His account closely matches those of two other medics who wanted to remain anonymous for fear of reprisals. They told the BBC they were humiliated, beaten, doused with cold water, and forced to knee in uncomfortable positions for hours. They said they were detained for days before being released. (BBC Web Page: 12/03/24, FARUK)

**HAITI'S PM RESIGNS AS LAW AND ORDER COLLAPSES**

Haiti's Prime Minister Ariel Henry has agreed to resign following weeks of mounting pressure and increasing violence in the impoverished country. It comes after regional leaders met in Jamaica on Monday to discuss a political transition in Haiti. Mr Henry is currently stranded in Puerto Rico after being prevented by armed gangs from returning home. In a video address announcing his resignation, Mr Henry urged Haitians to remain calm.
(BBC Web Page: 12/03/24, FARUK)

**FIRST GAZA AID SHIP SETS OFF FROM CYPRUS**

A ship taking almost 200 tonnes of food to Gaza left a port in Cyprus early on Tuesday, in a pilot project to open a new sea route of aid to a population on the brink of famine. The charity ship Open Arms was seen sailing out of Lamaca port in Cyprus, towing a barge containing flour, rice and protein. The ship belongs to a Spanish charity of the same name. Exactly where it plans to dock when it reaches Gaza has not been disclosed. The mission, mostly funded by the United Arab Emirates, is being organized by US based charity World Central Kitchen (WCK), while the Spanish charity supplies the ship.
(BBC Web Page: 12/03/24, FARUK)

**THE UKRAINIAN SEA DRONES HUNTING RUSSIAN WARSHIPS**

It was a dark night when the attack happened. Ukrainian drones were approaching fast through the war. By the time the crew of the Russian patrol ship Sergey Kotov saw them, it was too late. Russian sailors opened fire with heavy machine guns, but their ship was hit and destroyed. Ukrainian sea drones have revolutionized naval warfare over the last few years, relentlessly hunting down Russian ships in the open sea and even at naval bases. Group-13, a secretive unit of Ukraine's military intelligence agency, was behind the Sergey Kotov attack last week, and the BBC has been given race access to its operations.
(BBC Web Page: 12/03/24, FARUK)

**RUSSIA ARRESTS S KOREAN MAN ON SPYING CHARGES**

A South Korean man has been detained in Russia on suspicion of espionage, local media has reported. South Korean officials have confirmed the arrest and say its diplomats have engaged in talks for his return. Baek Won-soon was arrested in the far-eastern city of Vladivostok at the start of the year, state agency Tass reported, and is now in a Moscow jail. He is believed to be the first South Korean detained in decades in Russia on spying charges. But Russian state media Tass quoted an unnamed official in their report saying Mr Baek is alleged to have passed on information "constituting state secrets to foreign intelligence services." (BBC Web Page: 12/03/24, FARUK)

**INDIA TO ENFORCE MIGRANT LAW THAT EXCLUDES MUSLIMS**

India's government has announced plans to enact a controversial citizenship law that has been criticized for being anti-Muslim. The Citizenship Amendment Act (CAA) will allow non-Muslim religious minorities from Pakistan, Bangladesh and Afghanistan to seek citizenship. The authorities say it will help those facing persecution. The law was passed in 2019 - sparking mass protests in which scores of people died and many more were arrested. Rules for it were not drawn up in the wake of the unrest but have now been, according to the country's home affairs minister Amit Shah. (BBC Web Page: 12/03/24, FARUK)

**UKRAINE-BASED FIGHTERS CLAIM RAIDS INTO RUSSIA**

Three Ukraine-based Russian paramilitary groups say they have crossed into Russia and are now fighting government troops there. The Freedom of Russia Legion (FRL) and Siberian Battalion (SB) posted videos purportedly showing their fighters in Russia's Belgorod

and Kursk regions. An exiled Russian politician claimed one village in the Belgorod region was now controlled by "liberation forces". Russia's defence ministry said the breakthrough attempts were thwarted. Ukraine's military denied any involvement in Tuesday's cross-border raids. (BBC Web Page: 12/03/24, FARUK)

**NIGERIAN SHIA GROUP HOLDS PROTESTS TO URGE GAZA CEASEFIRE**

A pro-Iranian Shia group has held protests across Nigeria to call for an immediate ceasefire in the Gaza Strip. Members of the Islamic Movement in Nigeria (IMN) on Monday marched through the capital, Abuja, and in 10 other Nigerian states, calling for peace in Gaza. Protesters in Abuja burned UK and American flags in front of the US embassy. They urged US President Joe Biden to withdraw his support for Israel in the Gaza conflict. The group, credited for the growth of Shia Islam in Nigeria, is based in the north-western city of Zaria. (BBC Web Page: 12/03/24, FARUK)

**PAY FOR IRISH WORKERS TO OUTPACE INFLATION**

Pay growth for Irish workers is expected to outpace inflation over the next three years, according to the Republic's Central Bank. It said it expected a measure known as compensation per employee to increase by an average of 2.9% a year in real terms between 2024 and 2026. Inflation spikes over the past two years mean that many workers have seen the real value of their pay fall. The Central Bank said that in 2023 average compensation per employee in Ireland had fallen by 0.7% in real terms. Real pay is the value of pay adjusted for inflation and is a guide to how living standards are changing.
(BBC Web Page: 12/03/24, FARUK)

**::THE END::**